# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Falgun 19, 1432 Bangla, March 04, 2026, Wednesday, No. 63, 56th year

# H I G H L I G H T S

Oil and gas prices have surged across the world due to the ongoing conflict in the Middle East. (BBC: 06)

Experts from the energy sector in Bangladesh fear if the Middle East crisis continues, it will lead to a major energy crisis in the country; Bangladesh's labor market will be narrowed as well. (Jago FM: 10)

Bangladesh’s stock market experienced another significant decline on Tuesday after the joint attack by the United States and Israel on Iran. (Jago FM: 10)

Iran’s Revolutionary Guard has claimed it destroyed the command building and headquarters of the US air base in Bahrain. (BBC: 06)

The Iranian Students News Agency has reported Iranian authorities have begun the evacuation of Iranians traveling to Mecca and Medina in Saudi Arabia to perform Umrah. (BBC: 06)

The US State Department has has called on its citizens to immediately leave 14 countries, including Saudi Arabia, the United Arab Emirates, Bahrain, Egypt, Iran, Iraq, and Israel. (BBC: 06)

Prime Minister Tarique Rahman has directed the authorities to immediately remove advertisements and banners displayed on billboards across the capital congratulating him. (Jago FM: 09)

Home Minister Salahuddin Ahmed has sought Japan's cooperation in the reform and restructuring of the Bangladesh Police. (Jago FM: 09)

The High Court has issued a rule asking why the Referendum Ordinance, 2025, and the July National Charter (Constitution Amendment) Implementation Order, 2025, should not be declared illegal. (DW: 08)

The eight-year-old girl, Jannatul Nisha Ira, who was found with her throat slit after being stabbed in a remote hilly area of Sitakunda, Chattogram, has passed away. (Jago FM: 15)

Foreign Minister Dr. Khalilur Rahman has urged the UK to continue playing its leadership role in the UN Security Council and other international fora for speedy returns of the Rohingyas to Myanmar. (Jago FM: 11)

## দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা
## ফাল্গুন ১৯, বাংলা ১৪৩২, মার্চ ০৪, ২০২৬, বুধবার, নং- ৬৩, ৫৬তম বছর

# শিরোনাম

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতময় পরিস্থিতির কারণে বিশ্বব্যাপি অব্যাহতভাবে বাড়ছে তেল ও গ্যাসের দাম। (বিবিসিঃ ০৬)

মধ্যপ্রাচ্য সংকট দীর্ঘায়িত হলে জ্বালানি নিয়ে মহাসংকটে পড়ার আশঙ্কা করছেন বাংলাদেশের জ্বালানি খাত সংশ্লিষ্টরা; সংকীর্ণ হবে বাংলাদেশের শ্রমবাজার। (জাগো এফএমঃ ১০)

ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর মঙ্গলবার দেশের শেয়ার বাজারে ফের ব্যাপক দরপতন হয়েছে। (জাগো এফএমঃ ১০)

ইরানের হামলায় বাহরাইনে যুক্তরাষ্ট্রের একটি বিমানঘাটিতে একটি কমান্ড ও স্টাফ বিল্ডিং ধ্বংস হয়েছে বলে জানিয়েছে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসি'। (বিবিসিঃ ০৬)

ওমরাহ করতে সৌদি আরবের মক্কা ও মদিনায় যাওয়া ইরানিদের সরিয়ে নেওয়ার কাজ শুরু হয়েছে বলে জানিয়েছে ইরানি স্টুডেন্টস নিউজ এজেন্সি। (বিবিসিঃ ০৬)

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর তাদের নাগরিকদের সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, মিসর, ইরান, ইরাক, ইসরায়েলসহ ১৪টি দেশ অবিলম্বে ছেড়ে যাওয়ার জন্য সতর্ক করেছে। (বিবিসিঃ ০৬)

প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে রাজধানীর বিভিন্ন সড়কের পাশে লাগানো তার ছবিসহ বিলবোর্ড এবং ব্যানার দ্রুত সরানোর নির্দেশ দিয়েছেন তিনি। (জাগো এফএমঃ ০৯)

পুলিশ বাহিনীর সংস্কার ও পুনর্গঠনে জাপানের সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। (জাগো এফএমঃ ০৯)

জুলাই জাতীয় সনদ , গণভোটের অধ্যাদেশ এবং নবনির্বাচিত সংসদ সদস্যদের সংবিধান সংস্কার পরিষদে র সদস্য হিসেবে শপথ নেওয়ার বৈধতা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। (ডয়েচে ভেলেঃ ০৮)

চট্টগ্রামের সীতাকুণ্ডে দুর্গম পাহাড়ি এলাকায় শ্বাসনালি কাটা সেই সাত বছরের শিশু জান্নাতুল নিশা ইরা মারা গেছে। (জাগো এফএমঃ ১৫)

রোহিঙ্গাদের দ্রুত মিয়ানমারে প্রত্যাবাসনের লক্ষ্যে জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ অন্যান্য আন্তর্জাতিক ফোরামে যুক্তরাজ্যের নেতৃত্ব অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। (জাগো এফএমঃ ১১)

# বিবিসি

## গণভোট ও জুলাই সনদ বাস্তবায়ন আদেশের বৈধতা নিয়ে হাইকোর্টের রুল

জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার, বাস্তবায়ন আদেশ) এবং গণভোট অর্ডিন্যান্স - সংবিধানের সঙ্গে 'সাংঘর্ষিক হওয়ায়' এগুলো কেন অবৈধ হবে না, এ বিষয়ে জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। পৃথক দুটি রি টের প্রাথমিক শুনানি শেষে মঙ্গলবার এই রুল জারি করেন বিচারপতি রাজিক আল জলিল এবং বিচারপতি মো. আনোয়ারুল ইসলামের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ। রিট আবেদনের পক্ষে শুনানি করা আইনজীবী সৈয়দ মামুন মাহবু ব জানান, রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার, বাস্তবায়ন আদেশ) কেন অবৈধ হবে না, এ বিষয়ে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দেওয়ার নির্দেশনাও দেওয়া হয়েছে। একইসঙ্গে, গণভোট অর্ডিন্যান্স কেন অবৈধ হবে না, এই বিষয়েও আদালত রুল জারি করেছে বলেও জানান তিনি। মি. মাহবুব বলেন, "এর মধ্যদিয়ে জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ সুপ্রিম কোর্টের বিচারাধীন বিষয় হয়ে গেল। ঈদের পরে কোর্ট খুললে এর চূড়ান্ত শুনানি হবে।" তিনি বলেন, সংবিধানের ৯৩ অনুচ্ছেদে উল্লেখ থাকা অধিকার বলে রাষ্ট্রপতি গণভোটের অর্ডিন্যান্স জারি করেছেন। কিন্তু সেখানে উল্লেখ করা আছে যে, "রাষ্ট্রপতি এমন কোনো অর্ডিন্যান্স জারি করতে পারবে না যে, বিষয়বস্তু আমাদের সংবিধানে নাই," বলেন মি. মাহবুব। এছাড়া, ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধান গৃহীত হওয়ার পর থেকে 'প্রেসিডেন্ট অর্ডার' বলে কোনো বিষয় বাংলাদেশ রাষ্ট্রের সাংবিধানিক কাঠামোতে নেই বলেও উল্লেখ করেন তিনি। (বিবিসি ওয়েব পেজঃ ০৩.০৩.২০২৬ এলিনা)

## বয়স্ক, শারীরিক প্রতিবন্ধী ও শিক্ষার্থীরা রেলের টিকিটে২৫ শতাংশ ডিসকাউন্ট পাবেঃ রেলমন্ত্রী

৬৫ বছরের বেশি বয়সি ব্যক্তি, শারীরিক ও মানসিক প্রতিবন্ধী এবং শিক্ষার্থীরা দূরপাল্লার রেলে ভ্রমণের ক্ষেত্রে টিকিটে ২৫ শতাংশ ডিসকাউন্ট বা মূল্যছাড় সুবিধা পাবে ন বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, নৌ-পরিবহণ এবং রেলমন্ত্রী শেখ রবিউল আলম। এক্ষেত্রে 'যথাযথ আইডি কার্ড' বা পরিচয়পত্র দেখিয়ে তারা এই সুবিধা নিতে পারবেন বলে জানান তিনি। মঙ্গলবার সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ কথা বলেন রেলমন্ত্রী। "যেহেতু ঈদের অল্প দিন বাকি, আমরা ঈদের আগেই চেষ্টা করছি। সম্ভব হওয়ার সম্ভাবনা একটু কম, কিন্তু আগামী কোরবানির ঈদের আগে নিশ্চয়ই এটি নিশ্চিত হবে এবং টিকিটের ২৫ পার্সেন্ট ডিসকাউন্টে চলতে পারবে," বলেন মি. আলম। তিনি আরও বলেন, "আপনি আইডি কার্ড দেখালে ৬৫ বছরের বেশি বয়স হলেই আপনাকে ২৫ শতাংশ ডিসকাউন্ট করতে হবে। স্টুডেন্ট আইডি কার্ড শো করতে হবে এবং যারা ডিজেবল পিপল আছেন, তাদের ক্ষেত্রেও যেটা হবে, তাদেরও একটি কার্ড আছে। সেটা প্রদর্শন করলেই তারা সেই ডিসকাউন্টের সুবিধা পাবেন।" (বিবিসি ওয়েব পেজঃ ০৩.০৩.২০২৬ এলিনা)

## অন্তবর্তী সরকারের অধ্যাদেশগুলো সংসদে তোলা হবেঃ স্থানীয় সরকার প্রতিমন্ত্রী

অন্তর্বর্তী সরকার গৃহীত অধ্যাদেশগুলো আগামী ১২ মার্চ জাতীয় সংসদে উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। মঙ্গলবার সিলেটে সাংবাদিকদের এক প্র শ্নের জবাবে তিনি একথা বলেন বলে রাষ্ট্রীয় বার্তা সংস্থা বাসসের খবরে বলা হয়েছে। "(স্থানীয় সরকার নির্বাচন) দলীয় প্রতীক ছাড়া সাধারণ প্রতীকে নির্বাচন হওয়ার ব্যাপারে একটা অধ্যাদেশ অন্তর্বর্তী সরকার জারি করেছে। আগামী ১২ মার্চ সবগুলো অধ্যাদেশ সংসদে উপস্থাপন করা হ বে। পার্লামেন্ট কোন অধ্যাদেশগুলো গ্রহণ করবে বা কোনটি করবে না, এটা ওইদিন সিদ্ধান্ত হবে," বলেন মি. আলম। প্রতীকের বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থানীয় সরকার নির্বাচন হবে না বলেও জানান তিনি। "অধ্যাদেশ গ্রহণ হলে সংসদে আইন আকারে পাস করতে হবে। এরপর দ্রুততম সম য়ের মধ্যে স্থানীয় সরকার নির্বাচন হবে," বলেন স্থানীয় সরকার প্রতিমন্ত্রী।।(বিবিসি ওয়েব পেজঃ ০৩.০৩.২০২৬ রনি)

## পদত্যাগ করেছেন দুদক চেয়ারম্যান ও কমিশনের সদস্যরা

দুর্নীতি দমন কমিশন বা দুদক -এর চেয়ারম্যান ড. মোহাম্মদ আব্দুল মোমেন এবং কমিশনের অন্য দুই সদস্য পদত্যাগ করেছেন। মঙ্গলবার মন্ত্রিপরিষদ সচিবের কাছে নিজেদের পদত্যাগপত্র আনুষ্ঠানিকভাবে পৌঁছে দেওয়ার কথা গণমাধ্যমকে জানান বিদায়ি চেয়ারম্যান নিজেই। মি. মোমেন বলেন, "আমাদের পদত্যাগের বিশেষ কোনো কারণ নেই, আমরা অনুভব করেছি যে, এই পরিবর্তনের পর নির্বাচিত যে সরকার, তাদের প্রত্যাশা অনুযায়ী নিশ্চয় আমাদের থেকেও অধিকতর যোগ্য কমিশন এখানে স্থাপন করবেন।" দুদক চেয়ারম্যান এবং অপর দুই কমিশনার পদত্যাগ করবেন, গত কয়েকদিন ধরেই এমন আলোচনা চলছিল। ২০২৪ সালের ১২ ডিসেম্বর সিনিয়র সচিব ড. মোহাম্মদ আব্দুল মোমেনকে দুদকের চেয়ারম্যান হিসেবে নিয়োগ দেয় অধ্যাপক মুহাম্মদ ইউনূস -এর নেতৃত্বাধীন অন্তর্বর্তীকালীন সরকার। পদত্যাগ করা কমিশনের অন্য দুই সদস্য হলেন- অবসরপ্রাপ্ত জেলা জজ মিঞা মুহাম্মদ আলি আকবার আজিজী এবং ব্রিগেডিয়ার জেনারেল (অব.) হাফিজ আহসান ফরিদ। (বিবিসি ওয়েব পেজঃ ০৩.০৩.২০২৬ এলিনা)

## সীতাকুণ্ডের শিশুর শ্বাসনালি কেটে হত্যার ঘটনায় মূল অভিযুক্তকে গ্রেফতার করেছে পুলিশ

মঙ্গলবার সন্ধ্যায় একটি সংবাদ সম্মেলন চট্টগ্রামের পুলিশ সুপার নাজির আহমেদ খান জানিয়েছেন, তারা মূল অভিযুক্তকে গ্রেফতার করেছেন। শিশুটিকে চকলেট আর বেড়ানোর কথা বলে জঙ্গলে নিয়ে গিয়েছিল প্রতিবেশী এক ব্যক্তি। (বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ রনি)

## সীতাকুণ্ডে জঙ্গলে শ্বাসনালি কাটা সেই ছোট্ট শিশুটির সঙ্গে কী হয়েছিল?

বাংলাদেশের চট্টগ্রাম জেলার সীতাকুণ্ডের পাহাড়ি এলাকায় শ্বাসনালি কেটে হত্যাচেষ্টার শিকার মেয়ে শিশুটি শেষ পর্যন্ত মারা গেছে। শিশুটির চাচা মো. আব্দুল আজিজ বিবিসি বাংলাকে বলেছেন, রাত সাড়ে ৩টার দিকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ওই শিশুটি মারা যায়। পুলিশ জানিয়েছে, এ ঘটনায় ইতোমধ্যেই মামলা হয়েছে এবং তারা ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করার চেষ্টা করছে। পুলিশ ও শিশুটির পরিবারের সদস্যরা বলছেন, বাড়ি থেকে প্রায় ৮-১০ কিলোমিটার দূরের দুর্গম পাহাড়ে কারা তাকে নিয়ে গেল, সেটিই এখন বড়ো প্রশ্ন। শিশুটির মা রোববার বাদী হয়ে অজ্ঞাতপরিচয় ব্যক্তিদের আসামি করে যে মামলা করেছিলেন, সেটি এখন হত্যা মামলায় পরিণত হবে বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মহিনুল ইসলাম। সোমবার শিশুটির রক্তাক্ত একটি ভিডিও সামাজিক মাধ্যমে ভাইরাল হলে, এটি ব্যাপকভাবে আলোচনায় আসে এবং শিশুটির সবশেষ অবস্থা নিয়ে মানুষ আগ্রহী হয়ে ওঠে।

### কাটা শ্বাসনালি নিয়ে হেঁটে এসেছিল শিশুটি

পুলিশ, শিশুটির চাচা ও স্থানীয় সাংবাদিকদের সাথে কথা বলে জানা গেছে, বাসা থেকে প্রায় দশ কিলোমিটার দূরে, যেখানে শিশুটিকে গুরুতর আহত অবস্থায় পাওয়া গিয়েছিল, সেটি ভূমি থেকে প্রায় এক হাজার ফুট উঁচু পাহাড়ি এলাকা। সীতাকুণ্ড ইকোপার্ক থেকে চন্দ্রনাথ মন্দিরে ওঠার রাস্তার একটি অংশে সংস্কারের কাজ করছিল শ্রমিকরা। গত রোববার শিশুটি যখন দুর্গম পাহাড় থেকে ওই রাস্তা ধরে হেঁটে নেমে আসছিল, তখনও তার গলা থেকে রক্ত ঝরছিল বলে শ্রমিকরা স্থানীয় সাংবাদিকদের জানিয়েছেন। শিশুটি প্রথমে রাস্তার কাজে থাকা এক্সকাভেটরের কাছে এসে কিছু বলার চেষ্টা করছিল। কিন্তু শ্বাসনালি কাটা থাকায় গলা থেকে কোনো শব্দ আসছিল না। দ্রুত সেখানে থাকা শ্রমিকরা কাপড় দিয়ে গলায় প্যাঁচিয়ে সেখানে কাজ করার বালুর গাড়িতে করে তাকে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায় বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন একজন সাংবাদিক। পুলিশ জানিয়েছে, প্রাথমিক তদন্তে তারাও একই বর্ণনা পেয়েছে। রোববারই শিশুটিকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়া হয়। ওই রাতেই তার গলায় অস্ত্রোপচারের পর সোমবার সকালে তাকে ওয়ান স্টপ ক্রাইসিস সেলে নেওয়া হয়। শেষ পর্যন্ত সোমবার দিবাগত রাত সাড়ে ৩টার দিকে তার মৃত্যু হয়।

শিশুটির চাচা আব্দুল আজিজ বলছেন, তাদের পরিবার বসবাস করে সীতাকুণ্ডের ছোটো কুমিরার মাস্টার পাড়ায়। আর যেখানে তার ভাতিজিকে পাওয়া গেছে, সেটি হলো ইকোপার্কের অনেক ভেতরে দুর্গম পাহাড়ি এলাকা। "সেখানে বাচ্চাটাকে কে নিয়ে গেল, এটাই এখন বড়ো বিষয়। আমরা চাই, এটা খুঁজে বের করা হোক। সে মারা গেছে নির্যাতনের কারণে। দায়ীরা শাস্তি পাক, এটাই আমাদের চাওয়া," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। শিশুটির পিতা শ্রমজীবী মানুষ এবং প্রায় আট বছর বয়সি মেয়ে শিশুটি তিন বোন ও এক ভাইয়ের মধ্যে দ্বিতীয় বলে জানিয়েছেন মি. আজিজ। তিনি বলেন, "হয়ত নির্যাতন করে গলা কেটে ওকে মেরেই ফেলতে চেয়েছিল। কেমন করে ছোট্ট মানুষটা তখন বাঁচল ও ফেরার চেষ্টা করলো জানি না।" ওদিকে রোববারই শিশুটির মা বাদী হয়ে অজ্ঞাত পরিচয়ের আসামির বিরুদ্ধে অপহরণ করে হত্যাচেষ্টার মামলা করেছিলেন। সেটিই এখন হত্যা মামলায় পরিণত হবে বলে জানিয়েছে পুলিশ। সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বলেছেন, কী করে শিশুটি এত দূরে গেল এবং কারা এর সাথে জড়িত, এই সব কিছু নিয়ে তদন্ত চলছে। "একটু সময় দিন আমাদের। আমরা জড়িত সবাইকেই চিহ্নিত করবো ও আইনের আওতায় আনতে পারব আশা করছি," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

### 'খেলতে যাচ্ছি' বলে বের হয়েছিল শিশুটি

শিশুটির বাবারা ছয় ভাই এবং এর মধ্যে তিনজন ছোটো কুমিরার মাস্টার পাড়ায় বসবাস করেন। কয়েক মাস আগে শিশুটির বাবা যৌথ পরিবার থেকে আলাদা হয়ে গেলেও, শিশুটি প্রায় প্রতিদিনই তার দাদীর কাছে ছুটে যেত এবং বাবা-চাচাদের বাড়িতে ছুটোছুটি করত বলে পরিবারের সদস্যরা স্থানীয় সাংবাদিকদের বলেছেন। চাচার বাসায় থাকা দাদীর কাছে গেলে শিশুটি নিজের বাড়িতেও ফিরতে চাইত না। অনেক সময় বাবা-মা গিয়ে তাকে বাড়িতে নিয়ে যেতে হতো বলে বলছেন শিশুটির স্বজনরা। শিশুটির চাচা আব্দুল আজিজ বিবিসিকে বলেছেন, "ওইদিনও খুব সকালে মাকে বলেছিল, সে খেলতে যাচ্ছে। মা বলছিল, তার ভাইকে নিয়ে যেতে। কিন্তু একাই বের হয়ে যায় সে। আমরা ধারণা করি, সে হয়ত অন্য দিনের মতো আমাদের বাড়ির দিকেই আসার জন্য বের হয়েছিল। এরপর কীভাবে ওই পাহাড়ের দুর্গম এলাকায় গেল, কে তাকে নিয়ে নিয়ে গেল, এটিই রহস্য।" পরিবার ও পুলিশ বলছে, শিশুটিকে বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে থাকা সহস্রধারা ঝরনা এলাকার আরও প্রায় আধা কিলোমিটার উত্তরে পাহাড়ি পথের ধারে রাস্তার শ্রমিকরা পেয়েছে বেলা সাড়ে ১০টার দিকে। সকালে বাসা থেকে বের হওয়ার পর এত অল্প সময়ের মধ্যে কীভাবে শিশুটিকে ইকোপার্ক থেকে চন্দ্রনাথ মন্দিরের দিকে যাওয়ার অত দূরের দুর্‌গম পাহাড়ি এলাকায় নেওয়া হলো,

সেটিই এখন স্থানীয়দের মধ্যে আলোচনার বিষয় হয়ে দাঁড়িয়েছে। পুলিশ কর্মকর্তা মইনুল ইসলাম বলছেন, এসব বিষয় নিয়েই এখন তদন্ত করছেন তারা।(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৩.২০২৬ আলী আহমদে)

## নিজেকে 'ভিভিআইপি' ঘোষণা করে যাওয়া ইউনূসের গেজেট কোথায় ?

বাংলাদেশের সদ্য বিদায়ি অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস ক্ষমতা ছাড়ার আগে নিজেই নিজেকে 'অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি' বা 'ভিভিআইপি' ঘোষণা করে গেছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের মাত্র দু-দিন আগে ১০ ফেব্রুয়ারি এ সংক্রান্ত গেজেট জারি করা হলেও, সেটি এখন বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস)-এর ওয়েবসাইটে নেই। সাধারণত সরকার কর্তৃক প্রকাশিত সব গেজেট এই ওয়েবসাইটে প্রকাশ করা হয়। পুরোনো সব গেজেটও এই ওয়েবসাইটে পাওয়া যায়। বিজি প্রেসের উপ-পরিচালক মোহাম্মদ আবু ইউসুফ বিবিসি বাংলাকে বলেছেন, এ বিষয়ে সরকারি নির্দেশনাই অনুসরণ করেছেন তারা। ওদিকে বাংলাদেশের সংবাদমাধ্যমে এ সংক্রান্ত প্রকাশিত খবরে বলা হয়েছে, ওই গেজেট অনুযায়ী মি. ইউনূস দায়িত্ব ছাড়ার পর এক বছর পর্যন্ত স্পেশাল সিকিউরিটি ফোর্স বা এসএসএফ সুবিধা পাবেন। এর আগে, অন্তর্বর্তী সরকারের সময়েই, বিশেষ নিরাপত্তা আইন (স্পেশাল সিকিউরিটি ফোর্স) ২০২১-এর ১২ ধারায় দেওয়া ক্ষমতাবলে গত ২৩ ডিসেম্বর ২০২৫-এ রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা বিধিমালা ২০২৫-এর প্রজ্ঞাপন জারি করা হয়েছিল। অধ্যাপক ইউনূসের প্রধান উপদেষ্টা থাকাকালীন সময়ের প্রেস সচিব শফিকুল আলম তার ভেরিফায়েড ফেসবুক পাতায় লিখেছেন যে, এসএসএফ সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে প্রধান উপদেষ্টা কোনো আইন লঙ্ঘন করেননি। "এ বিষয়ে যে আদেশ জারি করা হয়েছে, তা এসএসএফের একটি প্রক্রিয়াগত বাধ্যবাধকতা। আনুষ্ঠানিক অনুমোদন ছাড়া এসএসএফ কোনো সাবেক সরকার প্রধানকে নিরাপত্তা দেয় না। সুতরাং এটি অস্বাভাবিক বা নজিরবিহীন কোনো বিষয় নয়," লিখেছেন তিনি। মি. আলম উল্লেখ করেন যে, ২০০১ সালে বিচারপতি লতিফুর রহমানও দায়িত্ব ছাড়ার আগে এ ধরনের একটি আদেশ হয়েছিল।

### ১০ ফেব্রুয়ারির গেজেট

প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে ১০ ফেব্রুয়ারি প্রকাশ করা গেজেটে বলা হয়েছে, "সরকার বিশেষ নিরাপত্তা আইন ২০২১-এর ধারা ২ (ক)-এ প্রদত্ত ক্ষমতাবলে অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসকে তাহার দায়িত্ব হস্তান্তরের তারিখ হইতে ১ (এক) বৎসরের জন্য 'অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি' হিসেবে ঘোষণা করিল।" ফলে আবার অন্তর্বর্তী সরকারের সময়েই করা রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা বিধিমালা ২০২৫ অনুযায়ী মি. ইউনূস দায়িত্ব ছাড়ার পর থেকে এক বছর এসএসএফ সুবিধা পাবেন। গত ১৭ ফেব্রুয়ারি প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বাধীন সরকার শপথ গ্রহণ করায় ওইদিনই মি. ইউনূসের সরকারের মেয়াদ শেষ হয়। তবে অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে তার সরকার অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ঘোষণা করে যে গেজেট করেছে, সেটি এখন সরকারি মুদ্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাচ্ছে না। প্রতিষ্ঠানটির উপ-পরিচালক মোহাম্মদ আবু ইউসুফ বিবিসি বাংলাকে বলেছেন, "অনেক সময় কোনো সংস্থা গেজেট করলে গেজেটের আদেশের কপি ওয়েবসাইটে না দেওয়ার নির্দেশনা দেয়। তখন আমরা সে অনুযায়ী কাজ করছি। এ ক্ষেত্রেও সরকারি নির্দেশনার কারণেই এটি ওয়েবসাইটে দেওয়া হয়নি।" তৎকালীন প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব মো. সাইফুল্লাহ পান্না এ প্রজ্ঞাপনে সই করেছিলেন। তিনি এখন জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত। ঢাকার দৈনিক প্রথম আলোকে তিনি এই প্রজ্ঞাপন জারির বিষয়টি নিশ্চিত করেছেন বলে পত্রিকাটি এ সংক্রান্ত খবরে উল্লেখ করেছে। ওদিকে অধ্যাপক মুহাম্মদ ইউনূস গত ২৮ ফেব্রুয়ারি তার সরকারি বাসভবন ছেড়ে গেছেন। তিনি ২০২৪ সালের আগস্টে শেখ হাসিনা সরকারের পতনের পর ৮ আগস্ট অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার শপথ নিয়েছিলেন। এখন এক বছরের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে ঘোষণা করায় তিনি এসএসএফ নিরাপত্তা সুবিধা পাবেন।

এর আগে 'রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা বিধিমালা ২০২৫'-এর গেজেট জারির পর সরকারি বার্তা সংস্থা বাসস-এর খবরে বলা হয়েছিল, "রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তিদের কার্যালয় এবং স্থায়ী ও অস্থায়ী বাসভবনের সার্বিক নিরাপত্তার দায়িত্ব মহাপরিচালকের ওপর ন্যস্ত থাকবে এবং ওই স্থাপনাগুলোতে দুর্যোগ বা দুর্ঘটনা (যেমন : অগ্নিকাণ্ড, ভূমিকম্প ইত্যাদি) হতে নিরাপদ রাখার জন্য মহাপরিচালক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বা সংস্থাসমূহের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে যথোপযুক্ত ব্যবস্থা নেবেন ও তদারকি করবেন।" গেজেটে আরও বলা হয়েছিল, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা বিধানের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক নিরাপত্তা সংস্থার সদস্যদের বিভিন্ন বেষ্টনীতে মোতায়েনের মাধ্যমে মহাপরিচালক, এই বিধিমালা ও তদধীন প্রণীত নির্দেশাবলি অনুসরণে, প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করবেন এবং প্রয়োজনবোধে মহাপরিচালক এই বিষয়ে সংশ্লিষ্ট সামরিক সচিবের সঙ্গে পরামর্শ করতে পারবেন। গেজেট অনুযায়ী, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী বা প্রধান উপদেষ্টা ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির কার্যালয়, বাসভবন ও অনুষ্ঠানস্থলে আগত দর্শনার্থী, যানবাহন বা যে-কোনো বস্তুর প্রবেশ বা বাহির বাহিনীর মাধ্যমে নিয়ন্ত্রিত হবে এবং বাহিনী এ সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করবে। গেজেটে অনুষ্ঠানস্থলে অস্ত্র বহনে বিধি-নিষেধ আরোপ করে বলা হয়েছে, বাহিনীর কর্মকর্তা ছাড়া সাদা পোশাক

পরিহিত অন্য কেউ অনুষ্ঠানস্থলে কোনো প্রকার অস্ত্র বহন করতে পারবে না এবং অনুষ্ঠানস্থলে নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত ইউনিফর্ম পরিহিত ব্যক্তিরা দৃশ্যমান অবস্থা ব্যতিরেকে অন্য কোনোভাবে অস্ত্র বহন করতে পারবেন না।

**আগে সরকার প্রধানরা এ সুবিধা পেতেন?**

এর আগে, ২০০১ সালে নির্দলীয় সরকারের প্রধান উপদেষ্টাকেও এক বছরের জন্য অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ঘোষণা করা হয়েছিল। তবে সাধারণত বিদায়ি সরকার প্রধান এসএসএফ সুবিধা পাওয়ার রেওয়াজ বাংলাদেশে নেই। শেখ হাসিনা ও খালেদা জিয়া প্রধানমন্ত্রিত্ব ছেড়ে বিরোধী দলে যাওয়ার পর এসএসএফ সুবিধা তারা পাননি। সম্প্রতি, বিএনপির প্রয়াত চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়াকে অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি ঘোষণা করেছিল অন্তর্বর্তী সরকার। ওই ঘোষণার পর তার নিরাপত্তা এসএসএফ মোতায়েন করা হয়েছিল। তখন বলা হয়েছিল, "আইন অনুযায়ী বাংলাদেশে অবস্থানরত অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে খালেদা জিয়াকে এসএসএফ দৈহিক নিরাপত্তা প্রদান করবে। তার নিরাপত্তার বিঘ্ন ঘটাতে পারে, এমন বিষয়ে প্রয়োজনীয় সব ব্যবস্থা নেওয়া হবে।" অন্তর্বর্তী সরকার ২০২৪ সালের আগস্টে বাংলাদেশের প্রতিষ্ঠাতা রাষ্ট্রপতি শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যদের জন্য বিশেষ নিরাপত্তার সুবিধা বাতিলের জন্য জাতির পিতার পরিবার-সদস্যগণের নিরাপত্তা আইন, ২০০৯ বাতিলের সিদ্ধান্ত নেয়।
(বিবিসি ওয়েব পেজ : ০৩.০৩.২০২৬ আলী আহমেদ)

## সংঘাত অব্যাহত থাকায় তেলের দাম আরও বেড়েছে

মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতময় পরিস্থিতির কারণে বিশ্বব্যাপী অব্যাহতভাবে বাড়ছে তেলের দাম। মূলত , তেল উৎপাদনকারী ওই অঞ্চল থেকে স্বাভাবিক সরবরাহ হুমকির মুখে পড়ায় এমন পরিস্থিতি তৈরি হয়েছে। ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম প্রায় এক দশমিক নয় শতাংশ বেড়ে ব্যারেল প্রতি ৭৯ দশমিক ২৫ ডলারে দাঁড়িয়েছে, যেখানে মার্কিন যুক্তরাষ্ট্রে লেনদেন করা তেলের দাম প্রায় এক দশমিক পাঁচ শতাংশ বেড়েছে। ইরানের উপর আমেরিকা ও ইসরায়েলের আক্রমণ শুরু হওয়ার পর থেকেই বিশ্বব্যাপী তেল ও গ্যাসের দাম বেড়েছে। বিশ্বের অন্যতম বৃহৎ রপ্তানিকারক 'কাতার এনার্জি' তাদের স্থাপনাগুলোতে 'সামরিক হামলার' পর উৎপাদন বন্ধ করে দেও য়ায় সোমবার প্রাকৃতিক গ্যাসের দামও বেড়ে যায়।(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

## বাহরাইনে যুক্তরাষ্ট্রের বিমান ঘাঁটি ধ্বংসের দাবি ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যমে

ইরানের হামলায় বাহরাইনে যুক্তরাষ্ট্রের একটি বিমান ঘাঁটি ধ্বংস হয়েছে বলে খবর প্রকাশিত হচ্ছে। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর বা আইআরজিসির সঙ্গে সম্পর্কিত ফার্স নিউজ এজেন্সি প্রকাশিত ফুটেজে দেখা যাচ্ছে , দূরবর্তী লক্ষ্যবস্তুতে একের পর এক রকেট বিস্ফোরিত হচ্ছে। সংস্থাটি দাবি করেছে, আইআরজিসির ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় বাহরাইনের শেখ ঈসা অঞ্চলে অবস্থিত যুক্তরাষ্ট্রের ঘাঁটিতে একটি কমান্ড ও স্টাফ বিল্ডিং ধ্বংস হয়েছে এবং জ্বালানির ট্যাংকে বিস্ফোরণ ঘটেছে। ঘটনা সম্পর্কে যুক্তরাষ্ট্র এখনো কোনো মন্তব্য করেনি। এর আগে , বাহরাইনে যুক্তরাষ্ট্র পরিচালিত একটি নৌ ঘাঁটি থেকে ধোঁয়া উঠতে দেখা গেছে। মার্কিন পররাষ্ট্র দফ তর যুক্তরাষ্ট্রের নাগরিকদের বাহরাইনসহ মধ্যপ্রাচ্যের আরও এক ডজন দেশ অবিলম্বে ছাড়ার নির্দেশ দিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

## 'অনন্তকাল ধরে যুদ্ধ চালানোর মতো অস্ত্রের মজুত আমেরিকার কাছে আছে: ট্রাম্প

'অনন্তকাল' ধরে লড়াই করা যেতে পারে , এত পরিমাণ অস্ত্রের মজুত তাদের কাছে রয়েছে বলে মন্তব্য করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। দেশটির অস্ত্রের মজুত নিয়ে সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে এই মন্তব্য করেছেন তিনি। "আমাদের কাছে এসব অস্ত্রের কার্যত সীমাহীন সরবরাহ রয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের মজু ত আছে এবং বড়ো জয়ের জন্য প্রস্তুত ," ট্রাম্প লেখেন। এছাড়া নিজের সর্বশেষ মন্তব্যে , তিনি তার পূর্বসূরি জো বাইডেনের বিরুদ্ধে ইউক্রেনকে "অনেক উচ্চমানের" মার্কিন অস্ত্র সরবরাহ করার অভিযোগও করেছেন। চার বছরের মেয়াদের শেষের দিকে, বাইডেন ইউক্রেনকে শক্তিশালী দূরপাল্লা র ক্ষেপণাস্ত্র ব্যবহারের অনুমতি দিয়েছিলেন , যা ১৯০ মাইল বা ৩০০ কিলোমিটার দূর পর্যন্ত আঘাত হানতে সক্ষম।(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

## মার্কিন নাগরিকদের অবিলম্বে ১৪টি দেশ ছেড়ে যাওয়ার আহ্বান

যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দফতর তাদের নাগরিকদের ১৪টি দেশ অবিলম্বে ছেড়ে যাওয়ার জন্য সতর্ক করেছে। কনসুলার বিষয়ক মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী মোরা নামদার সামাজিক যোগাযোগমাধ্যমে লিখেছেন যে , "গুরুতর ঝুঁকির" কারণে পররাষ্ট্র দফতর আমেরিকান নাগরিকদেরকে "যত দ্রুত সম্ভব, বর্তমানে যে পরিবহণ ব্যবস্থা রয়েছে, তা ব্যবহার করে" এই ১৪টি দেশ থেকে বেরিয়ে যেতে বলছে। এই দেশগুলোর মধ্যে রয়েছে- বাহরাইন, মিশর, ইরান, ইরাক, ইসরায়েল ও ফিলিস্তিনি ভূখণ্ড , জর্ডান, কুয়েত, লেবানন, ওমান, কাতার, সৌদি আরব , সিরিয়া, সংযুক্ত আরব আমিরাত এবং ইয়েমেন।(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

## মক্কা ও মদিনা থেকে সরিয়ে নেওয়া হচ্ছে ইরানি ওমরাহ যাত্রীদের

ওমরাহ করতে সৌদি আরবের মক্কা ও মদিনায় যাওয়া ইরানিদের সরিয়ে নেওয়ার কাজ শুরু হয়েছে বলে জানিয়েছে ইরানি স্টুডেন্টস নিউজ এজেন্সি। বিবিসি অ্যারাবিকের একটি খবরে বলা হয়েছে , রিয়াদে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূতের

বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে সংবাদমাধ্যমটি। সংস্থাটি ব্যাখ্যা করেছে যে, সোমবার স্বাভাবিকভাবেই সৌদি-ইরাক সীমান্ত দিয়ে তাদের যাত্রা শুরু হয়েছিল। এরপর ইরানে প্রবেশ করেন তারা। মক্কা ও মদিনায় ইরানি ওমরাহ যাত্রীর সংখ্যা মোট নয় হাজার বলেও জানানো হয়েছে ওই খবরে।(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

**স্টারমার 'সাহায্য করছেন না' এবং সম্পর্ক 'আগের মতো নেই', মন্তব্য ট্রাম্পের**

ইরানে মার্কিন হামলায় যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ের স্টারমারের ভূমিকার সমালোচনা করেছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। সংবাদমাধ্যম দ্য সানের সঙ্গে আলোচনায় ট্রাম্প বলেন, প্রধানমন্ত্রী "সাহায্য করছেন না। আমি কখনও ভাবিনি যে, আমি এমনটা দেখবো। আমি কখনও ভাবিনি যে, আমি যুক্তরাজ্য থেকে এটা দেখতে পাব।" এক টেলিফোন সাক্ষাৎকারে ট্রাম্প আরও বলেন, "এটা খুবই দুঃখজনক যে, সম্পর্কটি স্পষ্টতই আগের মতো নেই।" সোমবার, ব্রিটিশ প্রধানমন্ত্রী মন্তব্য করেন যে, তার সরকার "আকাশ থেকে শাসনব্যবস্থা পরিবর্তনে বিশ্বাস করে না।" এছাড়া, শুরুতে ইরানে আক্রমণের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রকে ব্রিটিশ ঘাঁটি ব্যবহারের অনুমতি দেয়নি যুক্তরাজ্য। যদিও পরবর্তীতে ইরানি স্থাপনাগুলোতে "প্রতিরক্ষামূলক" হামলার জন্য তাদের ঘাঁটিগুলো খুলে দেয়। ট্রাম্প দ্য সানকে বলেন, "ফ্রান্স দুর্দান্ত, তারা সবাই দুর্দান্ত। যুক্তরাজ্য অন্যদের থেকে অনেক আলাদা।"
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

**হামলায় ব্যবহৃত একাধিক ড্রোন ভূপাতিত করেছে ওমান**

ওমানে নতুন করে হামলা চালা নোর জন্য পাঠানো তিনটি ড্রোন ভূ-পাতিত করা হয়েছে। দেশটির রাষ্ট্রীয় বার্তা সংস্থার খবরে বলা হয়েছে, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ধোফারে ড্রোন দুটি উড়ছিল। পরে সেগুলো ভূ-পাতিত করা হয়। ওমানের দক্ষিণ-পশ্চিমে অবস্থিত সালালাহ বন্দরের কাছে তৃতীয় আরেকটি ড্রোন বিধ্বস্ত হয়েছে বলে ওমান নিউজ এজেন্সির খবরে বলা হয়েছে। তবে এসব ঘটনায় হতাহতের কোনো খবর পাওয়া যায়নি।
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

**ইরান আলোচনায় বসতে চায়, আমি বলেছি 'অনেক দেরি হয়ে গেছে : ট্রাম্প**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আবারও দাবি করেছেন যে, ইরানের নতুন নেতৃত্ব তার সঙ্গে আলোচনায় বসতে চাচ্ছে। কিন্তু এখন তিনি ইরানের সঙ্গে কোনো আলোচনায় যাবেন না বলে জানিয়েছেন। "তাদের আকাশ নিরাপত্তা ব্যবস্থা, বিমান বাহিনী, নৌ বাহিনী এবং নেতৃত্ব - শেষ হয়ে গেছে," সামাজিক মাধ্যমের একটি পোস্টে লিখেছেন মি. ট্রাম্প। "ওরা কথা বলতে চায়। আমি বলেছি, অনেক দেরি হয়ে গেছে," যোগ করেন তিনি। মার্কিন এই প্রেসিডেন্ট আগেও একবার এমন দাবি করেছিলেন। তিনি বলেছিলেন, খামেনির মৃত্যুর পর ইরানের বর্তমান নেতারা যুক্তরাষ্ট্রের সঙ্গে আলোচনায় বসার ইচ্ছা প্রকাশ করেছে। কিন্তু সেটি উড়িয়ে দিয়েছিল তেহরান। ইরানের সুপ্রিম ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিলের সেক্রেটারি আলী লারিজানি বলেছেন, তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে কোনো সমঝোতা করবেন না।
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

**যুদ্ধ বন্ধ করার উপায় হলো হামলাকারীদের থামানো : ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়**

ইরানের ওপর হামলাকারী যুক্তরাষ্ট্র ও ইসরায়েলকে থামানো গেলেই যুদ্ধ বন্ধ হবে বলে মন্তব্য করেছেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। মঙ্গলবার তেহরানের একটি স্কুলে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। 'আমরা শেষ মুহূর্ত পর্যন্ত চেষ্টা করেছিলাম, যাতে যুদ্ধে জড়াতে না হয়, কিন্তু অন্য পক্ষগুলো যুদ্ধে করার সিদ্ধান্ত নেয়," বলেন মি. বাঘাই। "এখন যুদ্ধ বন্ধ করার উপায় হলো হামলাকারীদের থামানো," যোগ করেন তিনি। 'অনেক দেরি হয়ে যাওয়ার আগেই' আন্তর্জাতিক সম্প্রদায়কে যুদ্ধ থামানোর বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে বলে মন্তব্য করেন ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র। 'যুদ্ধ আরও ব্যাপক আকার ধারণ করার আগেই জাতিসংঘের নিরাপত্তা পরিষদকে অবশ্যই তাদের দায়িত্ব পালন করতে হবে এবং হামলা বন্ধ করার বিষয়ে হামলাকারীদের বাধ্য করে এই অঞ্চলের নিরাপত্তা ও স্থিতিশীলতা পুনরুদ্ধার করতে হবে," বলেন মি. বাঘাই।
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ রনি)

**কুয়েতে ইরানের হামলায় ছয় মার্কিন সেনা নিহত**

কুয়েতে মার্কিন একটি সামরিক স্থাপনায় চালানো ইরানের হামলায় অন্তত ছয় আমেরিকান সেনা নিহত হয়েছে বলে নিশ্চিত করেছেন দেশটির কর্মকর্তারা। গত রোববার হামলা ওই ঘটনাটি ঘটে। হামলাটিতে তিনজন সৈন্য মারা গেছে বলে প্রাথমিকভাবে জানিয়েছিল মার্কিন কেন্দ্রীয় কমান্ড। কিন্তু পরে কর্মকর্তারা নিশ্চিত করেন যে, মৃতের সংখ্যা দ্বিগুণ হয়েছে। পরের তিনজনের মধ্যে একজন আহত অবস্থায় মারা গেছেন এবং দু-জনের মরদেহ ধ্বংসস্তূপের মধ্যে পাওয়া গেছে। মার্কিন প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথ নিশ্চিত করেছেন যে, পাল্টা হামলা চলাকালে কুয়েতের বিমান প্রতিরক্ষা ব্যবস্থা এড়িয়ে ইরানের ক্ষেপণাস্ত্রগুলো একটি মার্কিন বাংকারে আঘাত হানলে ওই হতাহতের ঘটনা ঘটে। ইরানি হামলায় কুয়েতের বায়ানে অবস্থিত মার্কিন দূতাবাসও ক্ষতিগ্রস্ত হয়।(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ রনি)

## চারদিনে ১৭২টি ক্ষেপণাস্ত্র ও ৭৫৫টি ড্রোন ভূপাতিত করেছে সংযুক্ত আরব আমিরাত

ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর , গত চারদিনে ১৭২টি ক্ষেপণাস্ত্র এবং ৭৫৫টি ড্রোন ভূপাতিত করেছে সংযুক্ত আরব আমিরাত। দেশটির প্রতিরক্ষা মন্ত্রণালয় জানিয়েছে , ভূপাতিত হওয়া ড্রোন ও ক্ষেপণাস্ত্রগুলো ইরান থেকে নিক্ষেপ করা হয়েছিল। মন্ত্রণালয়ের একজন মুখপাত্র বলেছেন , যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার জবাবে ইরান মঙ্গলবার পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতের মার্কিন স্থাপনা ল ক্ষ্য করে মোট ১৮৬টি ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে। সেগুলোর মধ্যে ১৩টি সমুদ্রে গিয়ে পড়েছে এবং একটি সংযুক্ত আরব আমিরাতের ভূখণ্ডে আঘাত করেছে। বাকিগুলো ধ্বংস করা হয়েছে। এর বাইরে , পাল্টা হামলায় ব্যবহৃত ৮১২টি ইরানি ড্রোন হামলা চালানো হয়। সেগুলোর মধ্যে ৭৫৫টি ড্রোন ধ্বংস করতে সক্ষম হয়েছে সংযুক্ত আরব আমিরাত। বাকিগুলোর মধ্যে কিছু ড্রোন বিভিন্ন স্থাপনায় আঘাত হেনেছে , যাতে সম্পদের বেশ ক্ষয়ক্ষতি হয়েছে। হামলার এসব ঘটনায় সংযুক্ত আরব আমিরাতে তিনজন নিহত এবং ৬৮ জন আহত হয়েছে বলে জানিয়েছেন দেশটির কর্মকর্তারা।
(বিবিসি ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ এলিনা)

# এনএইচকে

## ইরানের উপর হামলা অব্যাহত থাকায় কূটনৈতিক প্রচেষ্টার অঙ্গীকার জাপান সরকারের

জাপান সরকার জানিয়েছে যে, ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার মধ্যে উত্তেজনা কমাতে তারা সংশ্লিষ্ট দেশগুলোর সাথে কূটনৈতিক প্রচেষ্টা চালিয়ে যাবে। সোমবার, নিম্নকক্ষের বাজেট কমিটির বৈঠকে ইরান সম্পর্কে বিভিন্ন প্রশ্নের ঝড় ওঠে। ডেমোক্রেটিক পার্টি ফর দ্যা পিপল-এর নির্বাচন কৌশল কমিটির প্রধান মুরাওকা তোশিহিদে বলেন যে, অপ্রত্যাশিত ঘটনাবলি রোধে প্রধানমন্ত্রী তাকাইচি সানায়েকে নেতৃত্ব দিতে হবে। জাপানি কমিউনিস্ট পার্টির চেয়ারপার্সন তামুরা তোমোকো বলেন যে, জাপানের উচিত, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের কাছে আগাম হামলা বন্ধের অনুরোধ জানানো। তাকাইচি বলেন, তার দল একটি কূটনৈতিক সময়সূচি তৈরি করছে, যা তাকে মধ্যপ্রাচ্যে শান্তি পুনরুদ্ধারের জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালানোর সুযোগ দেবে। তিনি আরও বলেন যে, তার সরকার ইতোমধ্যে এই ধরনের কাজে নিযুক্ত রয়েছে। সোমবার রাতে টোকিওতে পররাষ্ট্রমন্ত্রী মোতেগি তোশিমিৎসু, জাপানে নিয়োজিত ইসরায়েল ও ইরানি রাষ্ট্রদূতদের সাথে পৃথক পৃথক বৈঠকে পরিস্থিতির অবনতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন। ইরানি রাষ্ট্রদূতের সাথে সাক্ষাতে, মোতেগি, ইরানকে প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে আক্রমণাত্মক পদক্ষেপসহ অঞ্চলটিকে অস্থিতিশীল করতে পারে, এমন পদক্ষেপ বন্ধ করার আহ্বান জানান।(এনএইচকে ওয়েবপেইজ: ০৩.০৩.২৬ রনি)

# ডয়চে ভেলে

## জুলাই সনদ ও গণভোটের বৈধতা নিয়ে হাইকোর্টের রুল

জুলাই জাতীয় সন দ, গণভোটের অধ্যাদেশ এবং নবনির্বাচিত সংসদ সদস্যদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নেওয়ার বৈধতা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আজ মঙ্গলবার বিচারপতি রাজিক -আল-জলিল ও বিচারপতি মো. আনোয়ারুল ইসলামের বেঞ্চ এ রুল জারি করেন। জনাকীর্ণ আদালতে দুটি পৃথক রিটের শুনানি শেষে আদালত এই আদেশ দেন বলে জানিয়েছে ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার। রুলে জানতে চাওয়া হয়েছে, জুলাই জাতীয় সনদ (সংবিধান সংশোধন) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং গত ১৬ ফেব্রুয়ারি সংসদ সচিবালয় থেকে নবনির্বাচিত সাংসদদের সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথ নিতে যে চিঠি দেওয়া হয়েছে, তা কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না। একইসঙ্গে গণভোট অধ্যাদেশ , ২০২৫-এর ৩ নম্বর তফ শিল- যার অধীনে রাজনৈতিক দলগুলো ৩০টি বিষয়ে ঐকমত্যে পৌঁছেছিল, তা কেন বেআইনি ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না, সে বিষয়েও ব্যাখ্যা চাওয়া হয়েছে। আইন সচিব, মন্ত্রিপরিষদ সচিব, জাতীয় সংসদ সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, নির্বাচন কমিশন এবং প্রধান নির্বাচন কমিশনারকে আগামী চার সপ্তাহের মধ্যে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন আইনজীবী আহসানুল করিম , সৈয়দ মামুন মাহবুব, জ্যোতির্ময় বড়ুয়া, গাজী কামরুল ইসলাম সজল ও গাজী তৌহিদুল ইসলাম। অন্যদিকে , রিটের বিরোধিতা করে জাতীয় নাগরিক পার্টির পক্ষে শুনানি করেন মোহাম্মদ হোসেন লিপু এবং জামায়াতে ইসলামীর পক্ষে মোহাম্মদ শিশির মনির ও ইমরান সিদ্দিক। রাষ্ট্রপক্ষে ছিলেন ভারপ্রাপ্ত অ্যা টর্নি জেনারেল মো. আরশাদুর রউফ ও অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল অনীক আর হক। সম্প্রতি, সুপ্রিম কোর্টের আইনজীবী গাজী মো. মাহবুব আলম ও চৌধুরী মো. রেদওয়ান-ই-খোদা দুটি রিট দায়ের করেন। রিটে গণভোট অধ্যাদেশ, ২০২৫ এবং জুলাই জাতীয় সনদ (সংবিধান সংশোধন) বাস্তবায়ন আদেশ, ২০২৫-কে কেন অবৈধ ও অসাংবিধানিক ঘোষণা করা হবে না , তা জানতে রুল জারির আরজি জানানো হয়। একইসঙ্গে এই অধ্যাদেশ ও সনদের কোনো কার্যক্রম যাতে কার্যকর না হয় , সে বিষয়ে নিষেধাজ্ঞাও চাওয়া হয়। রিটে বলা হয়েছে , সংবিধানে গণভোট এবং জুলাই জাতীয় সনদের কোনো বিধান নেই।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ রুবাইয়া)

## ইউনূসকে এক বছর বিশেষ নিরাপত্তা

সদ্য সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস 'অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি' হিসেবে এক বছর বিশেষ নিরাপত্তা বাহিনীর (এসএসএফ) নিরাপত্তা-সুবিধা পাচ্ছেন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বা চনের দুইদিন আগে গত ১০ ফেব্রুয়ারি এক প্রজ্ঞাপনে তাকে 'অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি' হিসেবে ঘোষণা করা হয়। তৎকালীন প্রধান উপদেষ্টার কার্যালয়ের সচিব (বর্তমানে জনপ্রশাসন মন্ত্রণালয়ে সংযুক্ত) মো. সাইফুল্লাহ পান্নার সই করা প্রজ্ঞাপনে বলা হয়, সরকার বিশেষ নিরাপত্তা বা হিনী আইনের ক্ষমতাবলে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসকে তার দায়িত্ব হস্তান্তরের তারিখ থেকে এক বছরের জন্য 'অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি' হিসেবে ঘোষণা করা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে গত ১৭ ফেব্রুয়ারি নতুন সরকার গঠনের মাধ্য মে শেষ হয় অন্তর্বর্তী সরকারের আলোচিত - সমালোচিত দেড় বছরের শাসনকাল। এ বিষয়ে ওইদিন মন্ত্রিপরিষদ বিভাগের এক প্রজ্ঞাপনে বলা হয়, নতুন সরকার গঠনের সঙ্গে সঙ্গে অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ ভেঙে গেছে বলে গণ্য হবে।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ রুবাইয়া)

# জাগো নিউজ

## নিজের ছবিসহ অভিনন্দন বিলবোর্ড সরানোর নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়ে রাজধানীর বিভিন্ন সড়কের পাশে লাগানো তার ছবিসহ বিলবোর্ড এবং ব্যানার দ্রুত সরানোর নির্দেশ দিয়েছেন তিনি। মঙ্গলবার সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে এ নির্দেশ দে ওয়া হয় বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন। রুমন জানান, প্রধানমন্ত্রী মঙ্গলবার সকালে গুলশানের বাসা থেকে বেরিয়ে সচিবালয়ে যাওয়ার পথে হাতিরঝিল পুলিশ প্লাজার সামনে তার ছবি সম্বলিত ব্যানার দেখে, তখনই সরিয়ে ফেলার নির্দেশ দেন এবং সে টি তৎক্ষণাৎ সরানো হয়। অতিরিক্ত প্রেস সচিব বলেন, রাজধানীর বিভিন্ন বিলবোর্ডে প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে তার ছবিসহ বিজ্ঞাপন প্রদর্শন করছে নানা কোম্পানি। সেগুলো দ্রুত অপসারণ করতে প্রধানমন্ত্রী সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছেন। কয়েকদিন আগে প্রধানমন্ত্রী বিজয় সরণি দিয়ে যাওয়ার সময় একটি এলইডিতে অভিনন্দন জানিয়ে তার ছবি প্রদর্শিত হচ্ছিল দেখে, তখনই সেটি অপসারণের নির্দেশনা দিয়েছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## পুলিশ বাহিনীর পুনর্গঠনে জাপানের সহযোগিতা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী

পুলিশ বাহিনীর সংস্কা র ও পুনর্গঠনে জাপানের সহযোগিতা চেয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনইচি মঙ্গলবার সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রীর কার্যালয়ে তার সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি এ সহযোগিতা চান। সালাহউদ্দিন আহমদ জানান, জাপান বাংলাদে শের পরীক্ষিত বন্ধু ও অন্যতম বৃহৎ উন্নয়ন অংশীদার। দেশটি জাইকার মাধ্যমে মেট্রোরেল ও শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণসহ বাংলাদেশের বেশ কয়েকটি বড়ো প্রকল্পে বিনিয়োগ করেছে। জাপানের সঙ্গে বাংলাদেশের সহযোগিতার অনেক ক্ষেত্র রয়েছে উল্লেখ ক রে মন্ত্রী বলেন, "জাপান ঢাকা মেট্রোপলিটন পুলিশের ট্রাফিক সেফটি নিয়ে কাজ করেছে। ভবিষ্যতে পুলিশ সংস্কার ও পুনর্গঠনে জাপান সহযোগিতা করতে পারে। এ ক্ষেত্রে আমাদের পক্ষ থেকে কয়েকটি উপযুক্ত প্রস্তাব দেওয়া হবে।" (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## দুদকের চেয়ারম্যান ও দুই কমিশনারের পদত্যাগ

দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান এবং দু-জন কমিশনার পদত্যাগ করেছেন। মঙ্গলবার সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে এসে তারা পদত্যাগপত্র জমা দেন। এর আগে, সচিবালয়ে আসেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মোমেন ও কমিশ নাররা। দুপুর ২টা ৩৬ মিনিটে সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের এক নম্বর ভবনে প্রবেশ করতে দেখা গেছে। ১০ মিনিটের মধ্যেই তারা পদত্যাগপত্র জমা দিয়ে বের হয়ে যান।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## বাড়তে পারে ঈদের ছুটি

আগামী ঈদুল ফিতরে ৫ দিন ছুটি নির্ধারিত আছে। এই ছুটি আরও বাড়ানোর চিন্তা-ভাবনা করছে সরকার। মূলত ঈদের সময় ঘরমুখো মানুষের যাত্রা নির্বিঘ্ন করতে ছুটি বাড়ানোর চিন্তা -ভাবনা হচ্ছে বলে জানিয়েছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ছুটি বাড়ানোর প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে পা ঠানো হয়েছে। আগামী বৃহস্পতিবার মন্ত্রিসভা বৈঠকে এ বিষয়ে সিদ্ধান্ত আসতে পারে। চলতি বছর রমজান মাস ৩০ দিন ধরে ঈদুল ফিতরের ছুটি নির্ধারণ করেছে সরকার। রমজান মাসের ৩০ দিন পূর্ণ হলে ঈদুল ফিতর হবে ২১ মার্চ। চলতি বছরের নির্ধারিত ছুটির তালিকা অনুযায়ী, ২১ মার্চ ঈদুল ফিতরের দিন সাধারণ ছুটি। ১৯ ও ২০ মার্চ এবং ২২ ও ২৩ মার্চ ঈদুল ফিতরের আগে দুই ও পরে দুইদিনসহ মোট চারদিন নির্বাহী আদেশে ছুটি থাকবে। গত বছর ঈদের সময় দীর্ঘ ছুটি থাকায় ঈদযাত্রা ছিল অনেকটাই নির্বিঘ্ন। এরই মধ্যে সড়ক পরিবহ ণ ও সেতু, রেলপথ এবং নৌ-পরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম জানিয়েছেন, ঈদযাত্রা নির্বিঘ্ন করতে ছুটি বাড়ানোর বিষয়টি আমরা বিবেচনা করবো।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## দেশে জ্বালানি সরবরাহ নিয়ে শঙ্কা, বিকল্প উৎসের সন্ধান

যুক্তরাষ্ট্র-ইসরায়েলের যৌথ হামলার পরিপ্রেক্ষিতে হরমুজ প্রণালি পুরোপুরি বন্ধ করে দিয়েছে ইরান। এতে আপাতত সংকট না থাকলেও, বিশ্বের অনেক দেশের মতো বাংলাদেশের জ্বালানি সরবরাহেও তৈরি হয়েছে অনিশ্চয়তা। সংকট মোকাবিলায় বিকল্প খুঁজছে সরকার। বাংলাদেশে প্রয়োজনের প্রায় ৬৫-৭০ শতাংশ জ্বালানি আমদানি করে চাহিদা মেটাতে হয়। এর মধ্যে বড়ো অংশের জ্বালানি আমদানি করতে হয় মধ্যপ্রাচ্যের দেশগুলো থেকে। মধ্যপ্রাচ্য সংকট দীর্ঘায়িত হলে জ্বালানি নিয়ে মহাসংকটে পড়ার আশঙ্কা করছেন জ্বালানি খাত সংশ্লিষ্টরা। বিকল্প উৎস থেকে জ্বালানি আমদানির পরিকল্পনার কথাও বলছে সরকার। ইতোমধ্যে সৌদি আরবের রাষ্ট্রীয় জ্বালানি সংস্থা আরামকোর একটি তেল শোধনাগারে ভয়াবহ হামলা চালিয়েছে ইরান। আরামকোতে হামলার পর আরেক জ্বালানি কেন্দ্র রাস তানুরা সাময়িকভাবে বন্ধ ঘোষণা করেছে সৌদি সরকার। পাশাপাশি, আরব আমিরাত, ওমান, বাহরাইনসহ আমিরাতের দেশগুলোতে অব্যাহত মিসাইল ও ড্রোন হামলায় পুরো সংকট আরও দীর্ঘতর হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩ ০৩.২০২৬ আসাদ)

## ৫ দিনে শাহজালাল বিমানবন্দরে ১৪৮ ফ্লাইট বাতিল

ইরানে হামলার জেরে মধ্যপ্রাচ্যে চলমান যুদ্ধ পরিস্থিতির কারণে আজ মঙ্গলবার আরও ৩৯টি ফ্লাইট বাতিল করেছে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর কর্তৃপক্ষ। বিমানবন্দরের নির্বাহী পরিচালক গ্রুপ ক্যাপ্টেন এস এম রাগীব সামাদ জাগো নিউজকে জানান, গত ২৮ ফেব্রুয়ারি বিকেল থেকে আজ পর্যন্ত মধ্যপ্রাচ্যের মোট **১৪৮টি ফ্লাইট** ঢাকা থেকে বাতিল করা হয়েছে। বিমানবন্দর সূত্র জানায়, গত ২৮ ফেব্রুয়ারি থেকে ইরান, ইরাক, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, বাহরাইন, কাতার ও জর্ডান তাদের আকাশসীমা সাময়িকভাবে বন্ধ ঘোষণা করে। এর সরাসরি প্রভাব পড়ে ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে। যুদ্ধ পরিস্থিতিতে আকাশপথ বন্ধের কারণে ২৮ ফেব্রুয়ারি ২৩টি ফ্লাইট, ১ মার্চ ৪০টি, ২ মার্চ ৪৬টি এবং ৩ মার্চ আসন্ন ৩৯টি ফ্লাইট বাতিল হয়েছে। তবে বর্তমানে কুয়েত, বাহরাইন, কাতার, আবুধাবি, শারজাহ, দুবাই ছাড়া অন্যান্য রুটে ফ্লাইট চলাচল শুরু হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩ ০৩.২০২৬ আসাদ)

## ফের শেয়ারবাজারে ব্যাপক দরপতন

বড়ো দরপতন, এরপর বড়ো উত্থান, ফের বড়ো দরপতন এমন প্রবণতা দেখা দিয়েছে দেশের শেয়ারবাজারে। ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর রোববার দেশের শেয়ারবাজারে বড়ো দরপতন হলেও, দ্বিতীয় কার্যদিবস সোমবার বড়ো উত্থান হয়। তবে মঙ্গলবার ফের ব্যাপক দরপতন হয়েছে। প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) এবং অন্য শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার পাশাপাশি, সব ক'টি মূল্যসূচকের বড়ো পতন হয়েছে। ডিএসই-এর প্রধান মূল্য সূচক ২০০ পয়েন্টের ওপরে কমে গেছে। সূচকের বড়ো পতন হলেও, দুই বাজারেই বেড়েছে লেনদেনের পরিমাণ। এর আগে, ইরানে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ হামলার পর রোববার লেনদেনের শুরুতেই ডিএসই-এর প্রধান সূচক ২২৩ পয়েন্ট কমে যায়। তবে পরে পতনের মাত্রা কিছুটা কমে। এরপরও দিনের লেনদেন শেষে ডিএসই-এর প্রধান সূচক কমে ১৩৮ পয়েন্ট। এই পতনের পর সোমবার সূচকটি ৭২ পয়েন্ট বাড়ে। এ পরিস্থিতিতে মঙ্গলবার ডিএসইতে লেনদেন শুরু হয় বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম বাড়ার মাধ্যমে। ফলে লেনদেনের শুরুতে সূচকের ঊর্ধ্বমুখিতার দেখা মেলে। কিন্তু লেনদেনের সময় আধাঘণ্টা পার হওয়ার আগেই দরপতনের মাত্রা বেড়ে যায়। লেনদেনের সময় গড়ানোর সঙ্গে সঙ্গে পতনের মাত্রা বাড়ে। এতে ব্যাপক দরপতন দিয়েই দিনের লেনদেন শেষ হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## জুলাই জাতীয় সনদ ও গণভোটের বৈধতা নিয়ে হাইকোর্টের রুল

গণভোট ও এর ফলাফল, জুলাই জাতীয় সনদ বাস্তবায়ন আদেশ ও এর আলোকে সংবিধান সংস্কার পরিষদের সদস্য হিসেবে শপথের চিঠি এবং গণভোট অধ্যাদেশের বৈধতা নিয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। এসব বিষয়ে করা পৃথক দুটি রিটের প্রাথমিক শুনানি নিয়ে মঙ্গলবার হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল এবং বিচারপতি মো. আনোয়ারুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই রুল জারি করেন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন রিটকারীর আইনজীবী সৈয়দ মামুন মাহবুব। এর আগে, রিটগুলোর ওপর সোমবার শুনানি নিয়ে এ ব্যাপারে আদেশের জন্য আজ দিন ঠিক করেন হাইকোর্ট বেঞ্চ। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে আগ্রহী যুক্তরাজ্য

বাংলাদেশের নতুন সরকারের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাওয়ার আগ্রহ প্রকাশ করেছে যুক্তরাজ্য। মঙ্গলবার পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান ও প্রতিমন্ত্রী শামা ওবায়েদর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে ঢাকায় নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক সাংবাদিকদের এ আগ্রহের কথা জানান। ব্রিটিশ হাইকমিশনার বলেন, যুক্তরাজ্য-বাংলাদেশ অংশীদারিত্বের শক্তি ও গভীরতা পুনর্ব্যক্ত করে উভয় দেশ অভিন্ন অগ্রাধিকার বাস্তবায়নে সহযোগিতা আরও জোরদার করতে চায়। পররাষ্ট্র মন্ত্রণালয়ে দায়িত্ব গ্রহণ করায় পররাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে তিনি বলেন, বৈঠকে দুই দেশের

দীর্ঘদিনের অংশীদারিত্বের বিষয়টি গুরুত্বের সঙ্গে উঠে এসেছে। সারাহ কুক বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি, অভিবাসন, নিরাপত্তা, জলবায়ু পরিবর্তন এবং রোহিঙ্গা ইস্যুসহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৩.২০২৬ আসাদ)

## ট্রেনে ঈদযাত্রার অগ্রিম টিকিট বিক্রি শুরু

আসন্ন ঈদুল ফিতর উপলক্ষ্যে অগ্রিম টিকিট বিক্রি শুরু করেছে বাংলাদেশ রেলওয়ে। মঙ্গলবার সকাল ৮টায় পশ্চিমাঞ্চলে গমনকারী ট্রেনের অগ্রিম টিকিট বিক্রি শুরুর মধ্যদিয়ে এই কার্যক্রম শুরু হয়েছে। আজ যারা টিকিট সংগ্রহ করবেন, তারা আগামী ১৩ মার্চ ভ্রমণ করতে পারবেন। এছাড়া, বাংলাদেশ রেলওয়ের সিদ্ধান্ত অনুযায়ী, ১৪ মার্চের টিকিট ৪ মার্চ, ১৫ মার্চের টিকিট ৫ মার্চ, ১৬ মার্চের টিকিট ৬ মার্চ, ১৭ মার্চের টিকিট ৭ মার্চ, ১৮ মার্চের টিকিট ৮ মার্চ এবং ১৯ মার্চের টিকিট ৯ মার্চ পাওয়া যাবে। ঈদযাত্রার শতভাগ টিকিট অনলাইনে বিক্রি হচ্ছে। যাত্রীদের টিকিট ক্রয় সহজলভ্য করার জন্য পশ্চিমাঞ্চলে চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট সকাল ৮টা থেকে এবং পূর্বাঞ্চলে চলাচলরত সব আন্তঃনগর ট্রেনের টিকিট দুপুর ২টা থেকে বিক্রির সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ রেলওয়ে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৩.০৩.২০২৬ আসাদ)

## যুদ্ধের ধাক্কা লাগতে পারে প্রবাসী আয়ে

ইরানে ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলা কেন্দ্র করে অশান্ত গোটা মধ্যপ্রাচ্য। এ অস্থিরতা দীর্ঘস্থায়ী হলে সংকীর্ণ হবে বাংলাদেশের শ্রমবাজার। চাপ বাড়বে প্রবাসী আয়ে। অর্থনৈতিক ও সামাজিকভাবে দেশ বড়ো চাপে পড়তে পারে বলে মনে করছেন বিশ্লেষকরা। বিশ্লেষকদের মতে, সবচেয়ে বড়ো ঝুঁকি সরাসরি সামরিক নয়, বরং দেশের জ্বালানি, শ্রম ও বাণিজ্যনির্ভর অর্থনীতির ওপর এর প্রভাব পড়বে। মূল্যস্ফীতি বৃদ্ধি, রেমিট্যান্স প্রবাহে অনিশ্চয়তা, রপ্তানি খাতের প্রতিযোগিতা কমে যাওয়া ও অভ্যন্তরীণ সামাজিক-রাজনৈতিক চাপ- সব মিলিয়ে পরিস্থিতি জটিল হয়ে উঠতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ আসাদ)

## শ্রমিকদের ঈদ বোনাস ১২ মার্চের মধ্যে পরিশোধের নির্দেশ

আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে শ্রমিকদের ঈদ বোনাস আগামী ১২ মার্চের মধ্যে পরিশোধের নির্দেশ দিয়েছেন শ্রম ও কর্মসংস্থানমন্ত্রী আরিফুল হক চৌধুরী। পাশাপাশি, বকেয়া বেতন সর্বোচ্চ সাত কার্যদিবসের মধ্যে পরিশোধ করতে মালিকপক্ষকে বলা হয়েছে। মঙ্গলবার শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের ৯৪তম সভা এবং আরএমজি বিষয়ক ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের ২৩তম সভায় এ নির্দেশনা দেন তিনি। সভায় সভাপতিত্ব করেন মন্ত্রী নিজেই। সভা শেষে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে জানানো হয়, সভায় দেশের সার্বিক শ্রম পরিস্থিতি পর্যালোচনা, আরএমজি সেক্টরে শ্রম অসন্তোষ নিরসনে কার্যকর পদক্ষেপ গ্রহণ সম্পর্কিত আলোচনা ও আসন্ন পবিত্র ঈদুল ফিতর উপলক্ষ্যে কল-কারখানার শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ ও ছুটি মঞ্জুর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রী শ্রমিকদের বকেয়া বেতন সাত কর্মদিবসের মধ্যে এবং ঈদ বোনাস ১২ মার্চের মধ্যে পরিশোধ করতে নির্দেশনা দেন। তিনি বলেন, মালিকপক্ষ এবং শ্রমিকপক্ষকে সমন্বয় করে কাজ করতে হবে, যেন জনভোগান্তি সৃষ্টি না হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ আসাদ)

## মূল সড়কে যেন ব্যাটারিচালিত রিকশা প্রবেশ করতে না পারে: ডিএমপি কমিশনার

মূল সড়কে যেন ব্যাটারিচালিত রিকশা প্রবেশ করতে না পারে, সেজন্য ট্রাফিক পুলিশকে নির্দেশনা দিয়েছেন ঢাকা মহানগর পুলিশ ডিএমপির ভারপ্রাপ্ত কমিশনার মো. সরওয়ার। তিনি বলেন, এ ব্যাপারে ট্রাফিক পুলিশ বিশেষ তৎপর। ফুটপাত ও সড়কের অবৈধ দখলদারদের বিরুদ্ধে নিয়মিত উচ্ছেদ অভিযান পরিচালনা করা হচ্ছে। মঙ্গলবার ডিএমপি সদর দপ্তরের সম্মেলন কক্ষে রমজানে ঢাকা মহানগর এলাকার ব্যাংক ও শপিংমলগুলোর নিরাপত্তা, ভেজাল খাদ্যদ্রব্য ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং ট্রাফিক ব্যবস্থাপনা সংক্রান্ত সমন্বয় সভায় তিনি এ নির্দেশনা দেন। ডিএমপি কমিশনার বলেন, রমজানে ইফতারের আগে রাজধানীতে যানজট তীব্র আকার ধারণ করে। নগরবাসী যেন যথাসময়ে গন্তব্যে পৌঁছে ইফতার করতে পারেন, সেজন্য ডিএমপির ঊর্ধ্বতন কর্মকর্তাদের নেতৃত্বে ট্রাফিক বিভাগ ও ক্রাইম বিভাগের পুলিশ সদস্যদের পাশাপাশি, অতিরিক্ত ফোর্স নিরলসভাবে দায়িত্ব পালন করছে। ইফতারের সময় তারা সড়কেই ইফতার করছেন, যেন যান চলাচল নির্বিঘ্ন থাকে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ আসাদ)

## রোহিঙ্গাদের দ্রুত প্রত্যাবাসনে যুক্তরাজ্যকে পাশে চায় বাংলাদেশ

রোহিঙ্গাদের দ্রুত মিয়ানমারে প্রত্যাবাসনের লক্ষ্যে জাতিসংঘ নিরাপত্তা পরিষদসহ অন্যান্য আন্তর্জাতিক ফোরামে যুক্তরাজ্যের নেতৃত্ব অব্যাহত রাখার আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। পাশাপাশি, ২০২৬-২৭ মেয়াদের জন্য জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের সভাপতিত্বে বাংলাদেশের প্রার্থিতায় যুক্তরাজ্যের সমর্থন কামনা করেন তিনি। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারা কুকের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সাক্ষাতে পররাষ্ট্রমন্ত্রী নতুন সরকারের শপথগ্রহণ অনুষ্ঠানে ইন্দো-প্যাসিফিক বিষয়ক ব্রিটিশ মন্ত্রী সিমা মালহোত্রাকে পাঠানোর জন্য যুক্তরাজ্যকে ধন্যবাদ জানান। এছাড়া, উভয়পক্ষ বাংলাদেশ ও যুক্তরাজ্যের মধ্যে ঐতিহাসিক সম্পর্ক, দুই

দেশের জনগণের যোগাযোগ ও যুক্তরাজ্যে বসবাসরত প্রবাসীদের ভূমিকার প্রশংসা করেন। বৈঠকে শিক্ষা, অভিবাসন, নিরাপত্তা সহযোগিতা, রোহিঙ্গা প্রত্যাবাসন এবং দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক জোরদা র করার মতো বিভিন্ন ক্ষেত্রে নতুন সহযোগিতার সুযোগ অনুসন্ধানের বিষয়েও আলোচনা হয়। ব্রিটিশ হাইকমিশনার বাংলাদেশের প্রার্থীর যোগ্যতার বিষয়টি নিজ দেশের সদরদপ্তরে অবহিত করবেন এবং যুক্তরাজ্য বিষয়টি যথাযথ গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে বলে আশ্বাস দেন। বৈঠক শেষে উভয়পক্ষ বাংলাদেশ ও যুক্তরাজ্য সম্পর্কের ভবিষ্যৎ অগ্রযাত্রা নিয়ে আশাবাদ প্রকাশ করেন এবং দ্বিপক্ষীয় , আঞ্চলিক ও বৈশ্বিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে সহযোগিতা জোরদারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন। এর আগে, একই দিন হাইকমিশনার পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদের স ঙ্গেও সৌজন্য সাক্ষাৎ করেন এবং তার সাম্প্রতিক নিয়োগে শুভেচ্ছা জানান। (জাগো নিউজ ওয়েব পেজঃ০৩.০৩.২০২৬ আসাদ)

## রিজার্ভ আরও বেড়ে ৩৫.৩৩ বিলিয়ন ডলার

বাংলাদেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ আরও বেড়ে ৩৫ দশমিক ৩৩ বিলিয়ন ডলারে পৌঁছেছে। তবে, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) নির্ধারিত বিপিএম-৬ পদ্ধতিতে হিসাব করলে বর্তমানে রিজার্ভের পরিমাণ ৩০ দশমিক ৫৮ বিলিয়ন ডলার। মঙ্গলবার (৩ মার্চ) দিন শেষে রিজার্ভের পরিমাণ দাঁড়িয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ ব্যাংকের নির্বাহী পরিচালক ও মুখপাত্র আরিফ হোসেন খান। গত ২৫ ফেব্রুয়ারি দিন শেষে রিজা র্ভ বেড়ে দাঁড়িয়েছিল ৩৫ দশমিক শূন্য ৩ বিলিয়ন ডলার, আর আইএমএফের নির্ধারিত বিপিএম -৬ পদ্ধতি মতে রিজার্ভ দাঁড়িয়েছিল প্রায় ৩০ দশমিক ২৮ বিলিয়ন ডলারে। তার আগে , ১৭ ফেব্রুয়ারি রিজার্ভ বেড়ে দাঁড়ায় প্রায় ৩৪ দশমিক ৫৪ বিলিয়ন ডলার এবং বিপিএম-৬ পদ্ধতি মতে রিজার্ভ ছিল প্রায় ২৯ দশমিক ৮৬ বিলিয়ন ডলারে।

(জাগো নিউজ ওয়েব পেজঃ০৩.০৩.২০২৬ রিহাব)

## চাঁদপুরে দুই অবৈধ ইটভাটা মালিককে জরিমানা

চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় অবৈধভাবে ইটভাটা পরিচালনার দায়ে দুই ইটভাটা মালিককে মোট ৭ লাখ টাকা জরিমানা করেছে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তর। মঙ্গলবার (৩ মার্চ) দুপুরে জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ উদ্যোগে পরিচালিত ভ্রাম্যমাণ আদালতে এ দণ্ডাদেশ প্রদান করা হয়। আদালত পরিচালনা করেন জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো . মাসুদ রানা। প্রসিকিউশন প্রদান করেন পরিবেশ অধিদপ্তর জেলা কার্যালয়ের পরিদর্শক শরমিতা আহমেদ লিয়া। অভিযানে সংশ্লিষ্ট দপ্তরের অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায় , ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন লঙ্ঘন করে অনুমোদনবিহীনভাবে ইটভাটা পরিচালনার দায়ে দুটি প্রতিষ্ঠানের বিরুদ্ধে অর্থদণ্ড আরোপ করা হয়। এর মধ্যে মেসার্স মতিন মনোয়ার ব্রিকসের মালিককে ৫ লাখ টাকা এবং মেসার্স টরকি ব্রিকসের মালিককে ২ লাখ টাকা জরিমানা করা হয়। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে আদায় করা হয়েছে বলে জানা গেছে।

(জাগো নিউজ ওয়েব পেজঃ০৩.০৩.২০২৬ রিহাব)

## পরিবেশ ছাড়পত্র পেলেই বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদন শুরু: ডিএনসিসি প্রশাসক

ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক মো. শফিকুল ইসলাম খান মিল্টন বলেছেন , "আমিন বাজারে বর্জ্য থেকে বিদ্যুৎ (ওয়েস্ট টু এনার্জি) উৎপাদন প্রকল্পের কাজ পরিবেশ ছাড়পত্র না পাওয়ায় আটকে আছে। আমরা পরিবেশ অধিদপ্তরের সঙ্গে কথা বলবো। পরিবেশ ছাড়পত্র পাওয়ার পর , আমরা দ্রুত বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনের কাজ শুরু করতে চাই।" মঙ্গলবার (৩ মার্চ) সাভারে ডিএনসিসির বর্জ্য ডিসপোজাল এরিয়া আমিন বাজার ল্যান্ডফিল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন তিনি। এসময় সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রশাসক বলেন, "আমাদের দিক থেকে সব প্রস্তুতি সম্পন্ন রয়েছে। চূড়ান্ত ছাড়পত্র পেলেই আমরা কাজ শুরু করতে পারবো। অনুমোদন পেলে দেড় থেকে দুই বছরের মধ্যে বিদ্যুৎ উৎপাদন শুরু করার লক্ষ্য রয়েছে।" ল্যান্ডফিল এলাকায় মিথেন গ্যাস উৎপন্ন হও য়ার কারণে মাঝে মধ্যেই আগুন ও ধোঁয়ার সৃষ্টি হয় , যা স্থানীয় বাসিন্দাদের জন্য স্বাস্থ্যঝুঁকি তৈরি করছে। এ বিষয়ে এলাকাবাসীর অভিযোগ পাওয়া গেছে এবং ডিএনসিসি বিষয়টি গুরুত্ব সহকারে আমলে নিয়েছে। সমস্যার স্থায়ী সমাধানে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার বিষয়ে আলোচনা করা হবে।

(জাগো নিউজ ওয়েব পেজঃ০৩.০৩.২০২৬ রিহাব)

## পাঠ্যবই পরিমার্জনে দলমত বিবেচনায় নেওয়া হবে না: শিক্ষামন্ত্রী

উচ্চমানের বিশেষজ্ঞ দিয়ে কারিকুলাম প্রণয়ন ও পাঠ্যবই পরিমার্জন করা হবে বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন। এক্ষেত্রে 'কোনো দলমত বিবেচনা করা হবে না ' বলেও মন্তব্য করেছেন তিনি। মঙ্গলবার (৩ মার্চ) বিকেলে রাজধানীর মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। এতে অংশ নেন এনসিটিবির বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। শিক্ষামন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছেন। আমরাও সেভাবে কাজ এগিয়ে নেবো। এক্ষেত্রে পাঠ্যবই যুগোপযোগী করার ওপর গুরুত্ব দিতে হবে। পাঠ্যপুস্তক পরিমার্জন করতে হবে।

(জাগো নিউজ ওয়েব পেজঃ০৩.০৩.২০২৬ রিহাব)

## ‘জেলা স্কুল’ হবে সব জেলায়, প্রথম-দ্বাদশ পর্যন্ত পড়ার সুযোগ

জেলা পর্যায়ে সমন্বিত ও মানসম্মত শিক্ষা বিস্তারে নতুন পরিকল্পনা হাতে নিয়েছে সরকার। দেশের প্রতিটি জেলায় পর্যায়ক্রমে ‘জেলা স্কুল’ প্রতিষ্ঠা করা হবে, যেখানে প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত পাঠদান চালু থাকবে। মঙ্গলবার (৩ মার্চ) শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় এ তথ্য জানান শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড . আ ন ম এহছানুল হক মিলন। শিক্ষামন্ত্রী বলেন, যে-সব জেলায় জেলা স্কুল নেই, সেখানে জেলা স্কুল প্রতিষ্ঠা করা হবে। এ জেলা স্কুলগুলো প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত অর্থাৎ উচ্চমাধ্যমিক স্কুলের আদলে হবে, যা দেশের শিক্ষা ব্যবস্থাকে আরও শক্তিশালী ও সমন্বিত করবে। জানা গেছে, দেশে বর্তমানে জেলা স্কুল রয়েছে ১৫টি। এর মধ্যে কুষ্টিয়া জেলা স্কুল (১৯৬১) ও বরগুনা জেলা স্কুল (১৯৭০) ছাড়া বাকি ১৩টি জেলা স্কুল ব্রিটিশ আমলে প্রতিষ্ঠিত। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## গুলশান-বনানীর অনুমোদনবিহীন সিসা লাউঞ্জ বন্ধের নির্দেশ

রাজধানীর গুলশান -বনানীর অনুমোদনবিহীন মাদক , সিসা ও সিসা লাউঞ্জ বন্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ডিএমপি কমিশনারসহ সংশ্লিষ্টদের এই নির্দেশনা বাস্তবায়ন করতে বলা হয়। এ সংক্রান্ত বিষয়ে শুনানি নিয়ে মঙ্গলবার (৩ মার্চ) হাইকোর্টের বিচারপতি রাজিক আল জলিল এবং বিচারপতি মো . আনোয়ারুল ইসলামের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রিটের পক্ষে শুনানি করেন আইনজীবী এস এম জুলফিকার আলী জু নু। আদেশের বিষয়টি তিনি নিজে নিশ্চিত করেছেন। এর আগে, ১৮ জানুয়ারি রাজধানীর গুলশান-বনানীর অনুমোদনবিহীন মাদক, সিসা ও সিসা লাউঞ্জ বন্ধের নির্দেশনা চেয়ে রিট দায়ের করা হয়। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদনের ভিত্তিতে সুপ্রিম কোর্টের আইনজীবী এস এম জুলফিকার আলী জুনু এ রি ট করেন। রিটে স্বরাষ্ট্র সচিব, পুলিশের আইজি, র্যা বের মহাপরিচালক, ডিএমপি কমিশনারসহ সংশ্লিষ্টদের বিবাদী করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## মার্কিন সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর ঢাকায়

দুইদিনের সফরে ঢাকায় এসেছেন যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশি য়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী পল কাপুর। মঙ্গলবার (৩ মার্চ) রাত ৮টার পর তিনি দিল্লি হয়ে ঢাকায় পৌছান। বিমানবন্দরে তাকে স্বাগত জানান পররাষ্ট্র মন্ত্রণালয় ও ঢাকার মার্কিন দূতাবাসের কর্মকর্তারা। সংশ্লিষ্টরা বলছেন, পল কাপুরের সফরটি রাজনৈতিক হলেও, যুক্তরাষ্ট্রের সঙ্গে বাংলাদেশ যে বাণিজ্য চুক্তি সই করেছে, তা বাস্তবায়নে অগ্রাধিকার দেবে ওয়াশিংটন। তারা বলছেন, এ সফরে রাজনৈতিক বোঝাপড়া, দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়, মিয়ানমার ও রোহিঙ্গা সমস্যা, আঞ্চলিক ইস্যু- বিশেষ করে, মধ্যপ্রাচ্যে চলমান উদ্ভূত পরিস্থিতি আলোচনার টেবিলে থাকবে। সফরসূচি অনুযায়ী, পল কাপুর বুধবার (৪ মার্চ) ড. পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান, অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী , জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু , বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে বৈঠক করবেন। এদিন সন্ধ্যায় ব্যবসা য়ী প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময় করবেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## রোহিঙ্গাদের জীবনমান উন্নয়নে ২.৬ মিলিয়ন ডলার দিচ্ছে জাপান

কক্সবাজার ও ভাসানচরের রোহিঙ্গা শরণার্থী এবং তাদের আশ্রয়দাতা স্থানীয় জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে আন্তর্জাতিক অভিবাসন সংস্থাকে (আইওএম) ২ দশমিক ৬ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিচ্ছে জাপান। মঙ্গলবার (৩ মার্চ) বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনিচি এবং আইওএম বাংলাদেশের চিফ অব মিশন জিউসেপ্পে লোপ্রেতে এ সংক্রান্ত চুক্তি সই করেন। জাপানের এ অর্থ সহায়তা প্রায় ৫ লাখ ৬৫ হাজার রোহিঙ্গা এবং তাদের আশ্রয়দাতা জনগোষ্ঠীর সমন্বিত হস্তক্ষেপের মাধ্যমে আশ্রয় , অ-খাদ্য আইটেম, এলপিজি বিতরণ, স্বাস্থ্যসেবা, সাইট ম্যানেজমেন্ট এবং সাইট ডেভেলপমেন্টের ক্ষেত্রে ব্যয় হবে। এ অনুদান কক্সবাজার ও ভাসানচরের শরণার্থীদের জীবিকা নির্বাহেও সহায়তা করবে। কক্সবাজারে বাস্তুচ্যুত ও দুর্যোগপ্রবণ আশ্রয়দাতা জনগোষ্ঠীর সহায়তায় দুর্যোগ ঝুঁকি কমানোর উদ্যোগ বাস্তবায়নেও এ অর্থ ব্যয় হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## চার মন্ত্রণালয়-বিভাগে নতুন সচিব নিয়োগ

চারটি গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় ও বিভাগে এক বছরের চু ক্তিতে নতুন সচিব নিয়োগ দিয়েছে সরকার। আজ মঙ্গলবার (৩ মার্চ) রাষ্ট্রপতির আদেশক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয় তাদের নিয়োগ দিয়ে পৃথক চারটি প্রজ্ঞাপন জারি করেছে। কৃষি মন্ত্রণালয়ের সচিব পদে নিয়োগ পেয়েছেন রফিকুল আই মোহাম্মদ , স্বাস্থ্যসেবা বিভাগে মো . কামরুজ্জামান চৌধুরী, স্থানীয় সরকার বিভাগে মো . শহীদুল হাসান এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগে আবদুল খালেক। প্রজ্ঞাপনে বলা হয়েছে, সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৪৯ ধারা অনুযায়ী, উক্ত কর্মকর্তাদের অন্য যে-কোনো পেশা, ব্যবসা কিংবা সরকারি, আধা-সরকারি, বেসরকারি প্রতিষ্ঠান/সংগঠনের সঙ্গে কর্ম-সম্পর্ক পরিত্যাগের শর্তে যোগদানের তারিখ থেকে ১ (এক) বছর মেয়াদে সচিব পদে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হলো। উপ-সচিব মো. গোলাম রব্বানী স্বাক্ষরিত ওই প্রজ্ঞাপনে আরো বলা হয় , এই নিয়োগের অন্যান্য শর্ত চুক্তিপত্র দ্বারা নির্ধারিত হবে। জনস্বার্থে এ আদেশ জারি করা

হলো। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে দুই -তৃতীয়াংশ আসনে জয়লাভ করে গত ১৭ ফেব্রুয়ারি সরকার গঠন করে বিএনপি। এরপর প্রশাসনের শীর্ষ ও গুরুত্বপূর্ণ পদগুলোতে পরিবর্তন আনা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## গণভোট নিয়ে আদালতকে প্রশ্নবিদ্ধ করা হচ্ছে: নাহিদ

এনসিপির আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলাম বলেছেন , "গণভোটের বৈধতাকে আদালতে নিয়ে প্রশ্নবিদ্ধ করার পাঁয়তারা চলছে। আমরা সেটা মেনে নেব না। যদি জনগণের রায় আদালতে নিয়ে যাওয়া হয় , আমাদেরও রাজপথে যেতে হবে। আমরা জুলাইয়ের মতো স্লোগান দিতে চাই না , হাইকোর্ট? না রাজপথ? এই স্লোগান দিতে আমাদের বাধ্য করবেন না। " মঙ্গলবার (৯ মার্চ) কুমিল্লা নগরীর স্টেশন ক্লাবে আয়োজিত এনসিপির কুমিল্লা সাংগঠনিক বিভাগীয় ইফতার ও দোয়া মাহফিলে তিনি এ কথা বলেন। গণভোটের গণরায় অনুযায়ী , দ্রুত সব সংস্কার বাস্তবায়নের দাবি জানিয়ে নাহিদ বলে ন, জনগণের রায়কে আদালতে নিয়ে আদালতকেও প্রশ্নবিদ্ধ করবেন না। ভারতের সঙ্গে সম্পর্ক বিষয়ে নাহিদ বলেন, শেখ হাসিনা এবং শহিদ হাদি ভাইয়ের খুনিদের বাংলাদেশে পাঠাতে হবে। এরপরই ভারতের সঙ্গে সম্পর্ক তৈরি হতে পারে। এছাড়া ভারতের সঙ্গে সুসম্পর্ক তৈরির সুযোগ নেই।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## বিকেএমইএ সভাপতিকে 'ফ্যাসিস্টের দোসর' বলায় এমপি অবরুদ্ধ

নারায়ণগঞ্জের ফতুল্লায় বিসিক শিল্পাঞ্চলে জামায়াতে ইসলামীর এক অনুষ্ঠানে বিকেএমইএ সভাপতি মোহাম্মদ হাতেমকে 'ফ্যাসিস্টের দোসর' বলায় অবরুদ্ধ করে রাখা হয় নারায়ণগঞ্জ -৪ আসনে এনসিপির সংসদ সদস্য আব্দুল্লাহ আল আমিনকে। মঙ্গলবার (৩ মার্চ) সন্ধ্যায় ফতুল্লার বিসিক শিল্পনগরী এলাকায় জামায়াতে ইসলামীর পেশাজীবী ফোরামের ইফতার মাহফিলে এ ঘটনা ঘটে। সেই সঙ্গে প্রায় ঘণ্টাখানেক সময় ধরে আব্দুল্লাহ আল আমিন অবরুদ্ধ থাকেন। পরে অতিরিক্ত পুলিশ তাকে উদ্ধার করে। ইফতার মাহফিলে উপস্থিত নেতা-কর্মীরা জানান, নারায়ণগঞ্জ জেলা জামায়াত আয়োজিত ইফতার মাহফিলে অতিথি হিসেবে দাওয়াত পান এমপি আব্দুল্লাহ আল আমিন ও বিকেএমইএ -এর সভাপতি মোহাম্মদ হাতেম। তবে হাতেমকে উপস্থিত দেখে মঞ্চে বসেননি এমপি আল আমিন। পরে বক্তব্য দেওয়ার সময় এমপি আল আমিন বলেন, "আমি ফ্যাসিস্টের দোসরের সঙ্গে এক মঞ্চে বসবো না।" এর পরেই হাতেম মঞ্চ থেকে উঠে যায় এবং তার অনুসারীরা অনুষ্ঠানস্থল ঘেরাও করে বিক্ষোভ করে। সেই সঙ্গে উভয় পক্ষের মধ্যে উত্তেজনাকর পরিস্থিতি সৃষ্টি হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## সরকারি রাস্তার ইট তুলে অবৈধভাবে মাটি বহনের অভিযোগ

ফরিদপুরের বোয়ালমারী উপজেলার শেখর ইউনিয়নের তেলজুড়ী বিশ্বাসপাড়া-খালপাড় এলাকায় ইটের সলিং রাস্তার ইট তুলে অবৈধভাবে মাটি বহনের অভিযোগ উঠেছে। এ ঘটনায় স্থানীয়দের মধ্যে ক্ষোভ বিরাজ করছে। খোঁজ নিয়ে জানা গেছে, খালপাড়ের সলিং রাস্তার বিভিন্ন অংশ থেকে ইট তুলে ফেলা হয়েছে। অভিযোগ রয়েছে , ওই ইট অপসারণ করে ট্রলির মাধ্যমে মাটি বহন করে বিভিন্ন ভরাট কাজে বিক্রি করছেন আফতাব ও হারুন নামের দুই মাটি ব্যবসায়ী। এতে এলাকাবাসীর চলাচলে চরম ভোগান্তি সৃষ্টি হয়েছে। স্থানীয় বাসিন্দারা জানান , সরকারি অর্থে নির্মিত রাস্তার ইট উঠিয়ে মাটি ব্যবসা করা হচ্ছে। ইট পুনঃবিছানো ছাড়াই কাজ শেষ করে চলে যাওয়ার চেষ্টা করলে এলাকাবাসী একটি ভেকু (খননযন্ত্র) আটকিয়ে রাখেন। তাদের দাবি , রাস্তা পূর্বাবস্থায় ফিরিয়ে না দেওয়া পর্যন্ত তারা সেটি , ছাড়বেন না। অভিযোগের বিষয়ে জানতে মাটি ব্যবসায়ী আফতাবের মোবাইল ফোনে একাধিকবার কল দিলেও তা বন্ধ পাওয়া যায়। অপর ব্যবসায়ী হারুন বলেন, "আমি নিজে ইট উঠাইনি, ইট উঠিয়েছে শফিক মেম্বার।"
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## প্রধানমন্ত্রীর সহকারী প্রেস সচিব হলেন আশরোফা

সিনিয়র তথ্য কর্মকর্তা আশরোফা ই মদাদকে প্রধানমন্ত্রী তারেক রহমানের সহকারী প্রেস সচিব পদে নিয়োগ দেওয়া হয়েছে। আশরোফাকে প্রেষণে ওই পদে নিয়োগ দিয়ে মঙ্গলবার (৩ মার্চ) তার চাকরি প্রধানমন্ত্রীর কার্যালয়ে ন্যস্ত করে প্রজ্ঞাপন জারি করেছে জনপ্রশাসন মন্ত্রণালয়। তিনি স্ব -বেতনে ওই পদে দায়িত্ব পালন করবেন। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার কার্যালয়ে সহকারী প্রেস সচিবের দায়িত্বে ছিলেন আশরোফা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## খালেদা ও জিয়ার সমাধিতে সকালে শ্রদ্ধা জানাবেন পল কাপুর

যুক্তরাষ্ট্রের দক্ষিণ ও মধ্য এশিয়াবিষয়ক সহকারী পররাষ্ট্রমন্ত্রী প ল কাপুর মঙ্গলবার রাতে দুইদিনের সফরে ঢাকায় পৌঁছান। সফরের প্রথম সকালের আনুষ্ঠানিকতা হিসেবে তিনি সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়া ও সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানাবেন। কূটনৈতিক সূত্র জানায় , তার এ সফরের মূল লক্ষ্য ঢাকার সঙ্গে কৌশলগত সম্পর্ক জোরদার করা। সফরের অন্যান্য গুরুত্বপূর্ণ সূচিতে রয়েছে অর্থমন্ত্রী , পররাষ্ট্রমন্ত্রী, জ্বালানি ও বাণিজ্যমন্ত্রীর সঙ্গে বৈঠক , বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে মতবিনিময় এবং ঢাকায় অবস্থানরত কূটনৈতিক মিশনের প্রধানদের সঙ্গে সাক্ষাৎ। এছাড়া , তিনি ব্যবসায়ী প্রতি নিধিদলের সঙ্গে আলোচনা ও নৈ শভোজেও অংশ

নেবেন। সফরের শেষদিনে তিনি প্রধানমন্ত্রী তারেক রহমানের পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরের সঙ্গে বৈঠক করবেন এবং পররাষ্ট্র মন্ত্রণালয় আয়োজিত ইফতার অনুষ্ঠানে অংশ নেবেন। এরপরই ঢাকা ত্যাগ করবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## হলি আর্টিজান হামলার ১০ বছর; জাপানি নাগরিকদের নিরাপত্তা জোরদারের অনুরোধ

২০১৬ সালের ১ জুলাই রাজধানীর গুলশানের হলি আর্টি জানে সশস্ত্র জঙ্গি হামলার ঘটনা ঘটে। ওই হামলায় সাতজন জাপানিসহ বেশ কয়েকজন নিহত হন। চলতি বছর এ হামলার দশম বার্ষিকী উ পলক্ষ্যে বাংলাদেশে অবস্থানরত জাপানি নাগরিকদের নিরাপত্তা জোরদারের অনুরোধ জানিয়েছেন ঢাকায় নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত সাইদা শিনইচি। মঙ্গলবার (৩ মার্চ) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সঙ্গে সাক্ষাৎ করে এ অনুরোধ জানান জাপানের রাষ্ট্রদূত। এ সময় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বাংলাদেশে অবস্থানরত জাপানি বিনিয়োগকারী, ব্যবসায়ীসহ সব জাপানি নাগরিকের নিরাপত্তা নিশ্চিত করতে প্রস্তুত সরকার। জাপানের পক্ষ থেকে যে -কোনো অনুরোধ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে বিবেচনা করা হবে। সালাহউদ্দিন আহমদ বলেন , জাপান বাংলাদেশের পরী ক্ষিত বন্ধু ও অন্যতম বৃহৎ উন্নয়ন অংশীদার। দেশটি জাইকার (জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা ) মাধ্যমে মেট্রোরেল ও শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল নির্মাণসহ দেশের বেশ কয়েকটি বড়ো প্রকল্পে বিনিয়োগ করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## সড়ক দুর্ঘটনায় আহত ১৭ পুলিশ সদস্য পেলেন ২৪ লাখ টাকা

সরকারি দায়িত্ব পালনকালে সড়ক দুর্ঘটনায় আহত চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের (সিএমপি) ১৭ সদস্য ও এক সিভিল গাড়িচালককে ২৪ লাখ টাকার আর্থিক সহায়তার চেক দেওয়া হয়েছে। মঙ্গলবার (৩ মার্চ) নগরের দামপাড়া পুলিশ লাইন্স সম্মেলন কক্ষে এক অনুষ্ঠানে এই সহায়তা দেওয়া হয়। চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার হাসিব আজিজ (বিপিএম) অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। তিনি ক্ষতিগ্রস্তদের হাতে চেক তুলে দেন। পুলিশ জানায় , গত বছরের ৩১ অক্টোবর সরকারি দায়িত্ব পালনকালে সংঘটিত সড়ক দুর্ঘটনায় তারা আহত হন। বিআরটিএ ট্রাস্টি বোর্ডের সহায়তায় এ অর্থ দেওয়া হয়। অনুষ্ঠানে কমিশনার বলেন , দায়িত্ব পালন করতে গিয়ে ঝুঁকি নেওয়া সদস্যদের পাশে দাঁড়ানো রাষ্ট্রের দায়িত্ব। এ ধরনের সহায়তা তাদের মনোবল বাড়াবে এবং দায়িত্ব পালনে উৎসাহ জোগাবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## দুই ডিআইজি ও এক অতিরিক্ত ডিআইজিকে বদলি

পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) পদমর্যাদার দু-জন এবং অতিরিক্ত ডিআইজি পদমর্যাদার একজন কর্মকর্তাকে নতুন কর্মস্থলে বদলি করা হয়েছে। মঙ্গলবার (৩ মার্চ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ বিভাগের উপ -সচিব তৌছিফ আহমেদের সই করা এক প্রজ্ঞাপনে এ বদলি করা হয়। বদলি হওয়া কর্মকর্তারা হলেন- বরিশাল রেঞ্জের ডিআইজি মো. মঞ্জুর মোর্শেদ আলমকে ট্যুরিস্ট পুলিশে। তার স্থলে পুলিশ অধিদপ্তরের ডিআইজি মোস্তাফিজুর রহমানকে বরিশাল রেঞ্জের নতুন ডিআইজি হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। এছাড়া , ৫ এপিবিএনের অধিনায়ক (অতিরিক্ত ডিআইজি ) মোহাম্মদ হারুন-অর-রশিদকে রাজশাহীর সারদা পুলিশ একাডেমিতে (বিপিএ) বদলি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয় , জনস্বার্থে জারি করা এই বদলির আদেশ অবিলম্বে কার্যকর হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## ঢাকা ফিরলেন দুবাইয়ে আটকে পড়া ৩৯ পাইলট-কেবিন ক্রু

ইরানের সঙ্গে ইসরায়েল-যুক্তরাষ্ট্রের চলমান যুদ্ধ পরিস্থিতিতে মধ্যপ্রাচ্যের আকাশসীমা বন্ধ। বিশেষ করে , সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ের সঙ্গে সারা বিশ্বের সব এয়ারলাইন্সের ফ্লাইট চলাচল বন্ধ রয়েছে। এমন পরিস্থিতিতে দুবাই বিমানবন্দরে আটকা পড়েন বাংলাদেশের বেসরকারি এয়ারলাইন্স সংস্থা ইউএস-বাংলার ৩৯ জন পাইলট ও কেবিন ক্রু। তাদের উদ্ধারে সর্বোচ্চ পেশাদারিত্বের পরিচয় দিয়েছে ইউএস-বাংলা এয়ারলাইন্স। সংস্থাটি বিশেষ ব্যবস্থাপনায় তাদের দেশে ফিরিয়ে এনেছে। যুদ্ধকালীন পরিস্থিতিতে দুবাই থেকে ছেড়ে আসা এটি ছিল একমাত্র বাংলাদেশি ফ্লাইট। ইউএস-বাংলা এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) কামরুল ইসলাম এক বিজ্ঞপ্তিতে জানান , মধ্যপ্রাচ্যের যুদ্ধাবস্থাজনিত আকাশপথের অস্থিতিশীলতা ও সীমাবদ্ধতার কারণে ইউএস -বাংলা এয়ারলাইন্সের ফ্লাইট দুবাইয়ে ৪৮ ঘণ্টারও বেশি সময় অবস্থান করতে বাধ্য হয়। এসময় ৩৯ জন পাইলট ও কেবিন ক্রু সেখানে আটকা পড়েন। দুবাই বিমানবন্দরেও কার্যক্রম সীমিত ছিল এবং পরিস্থিতি ছিল অত্যন্ত সংবেদনশীল।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে জঙ্গলে গলা কাটা সেই শিশুটি মারা গেছে

চট্টগ্রামের সীতাকুণ্ডে দুর্গম পাহাড়ি এলাকায় শ্বাসনালি কাটা সেই সাত বছরের শিশু জান্নাতুল নিশা ইরা মারা গেছে। তিনদিন হাসপাতালে চিকিৎসাধীন থাকা অবস্থায় মঙ্গলবার (৩ মার্চ) ভোর সাড়ে ৪টার দিকে সে মারা যায়। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন তার চাচা মো. রমিজ।

রোববার রাতে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে শিশুটির গলায় অস্ত্রোপচার করা হয়। সোমবার শিশুটিকে ওয়ান – স্টপ ক্রাইসিস সেলে (ওসিসি) নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মারা যায় সে।

এর আগে রোববার সকালে সীতাকুণ্ড পৌর সদরের বোটানি ক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে দুর্গম পাহাড়ি এলাকা থেকে ওই শিশুকে উদ্ধার করা হয়। ইকোপার্কের ভেতরের চন্দ্রনাথ মন্দির সড়ক সংস্কারের কাজে নিয়োজিত শ্রমিকরা শিশুটিকে উদ্ধার করেন। প্রথমে শিশুটিকে সীতাকুণ্ড উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও পরে চট্টগ্রামে মেডিকেল ক লেজ হাসপাতালে ভর্তি করা হয়।

পুলিশ জানায়, শিশুটিকে গলা কেটে হত্যা করা হয়েছিল। তবে কে বা কারা এ ঘটনা ঘটাতে চেয়েছিল , তা তাৎক্ষণিক জানাতে পারেনি পুলিশ। এদিকে পরিবারের সদস্যরাও এ ঘটনার বিচার চেয়েছেন। তবে কে বা কারা এ ঘটনায় সম্পৃক্ত তা জানেন না বলে জানিয়েছেন তারা। শিশুটির পরিবার বলছে, সে কীভাবে দুর্গম পাহাড়ি এলাকায় গেছে, সেটি জানা যায়নি।

শিশুটির চাচা রমিজ বলেন, 'আমার ভাই ও আমাদের বাসার মধ্যে আধা কিলোমিটার দূরত্ব রয়েছে। রোববার সকালে ইরা ঘর থেকে বের হয়। ধারণা করছি , আমাদের বাড়িতেই আসার জন্য বের হয় আমার ভাতিজি। কিন্তু পাহাড়ে কীভাবে গেল, জানা নেই। মঙ্গলবার ভোরে সে মারা যায়। আমরা এ ঘটনার তদন্ত ও বিচার চাই, খুনিদের শাস্তি চাই।'

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে , রোববার সকাল ১০টার দিকে বোটানিক্যাল গার্ডেন ও ইকোপার্কের ভেতরে থাকা সহস্রধারা ঝরনার আরও অন্তত ৫০০ মিটার উত্তরে পাহাড়ি পথের ধারে শিশুটি গলাকাটা অবস্থায় পড়ে ছিল। এসময় তার গলা থেকে রক্ত ঝরছিল। সেখানে সড়কটির সংস্কারের কাজে থাকা শ্রমিকেরা শিশুটিকে আহত অবস্থায় পড়ে থাকতে দেখে তাকে উদ্ধার করেন। তাদের পরনের কাপড় দিয়ে গলা পেঁচিয়ে রক্ত বন্ধ করার চেষ্টা করেন। পরে তারা দ্রুত স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান শিশুটিকে।

এ বিষয়ে সীতাকুণ্ড থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মহিনুল ইসলাম জানান , ওই শিশু হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। এর আগে শিশুর মা বাদী হয়ে থানায় একটি হত্যাচেষ্টা মামলা দায়ের করেছেন। আমরা অপরাধীকে শনাক্তের চেষ্টা করছি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬)

**একটি দল নিজের পায়ে কুড়াল মারার চেষ্টা করছে: শিশির মনির**

জুলাই সনদ বাস্তবায়ন আদেশ না থাকলে এবং সংস্কার ও গণভোট অবৈধ হলে জাতীয় সংসদ নির্বাচন, সরকার ও গদি সবকিছুই প্রশ্নের সম্মুখীন হবে বলে মন্তব্য করেছেন সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী শিশির মনির। জুলাই সনদ বাস্তবায়ন আদেশ , গণভোট এবং সংবিধান সংস্কার পরিষদের শপথ প্রশ্নে রুল জারির পর মঙ্গলবার (৩ মার্চ) সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এমন কথা বলেন। শিশির মনির বলেন , আমরা মনে করি একটি রাজনৈতিক দল নিজের পায়ে নিজের কুড়াল মারার চেষ্টা করছে। যদি দেশে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ না থাকে , ৩০টি কনসেনসাসের ভিত্তিতে সংস্কার প্রস্তাব না থাকে , গণভোটের প্রশ্নও অবৈধ হয়। তাহলে শেষ পর্যন্ত থাকবে কী? শেষ পর্যন্ত নির্বাচন থাকে? সরকার থাকে? নিজের গদি থাকে? সবকিছুই বড়ো ধরনের প্রশ্নের সম্মুখীন। তো এই দায়-দায়িত্ব তাদের নিতে হবে। তিনি বলেন , "যারা এই প্যান্ডোরার বক্স ওপেন করাচ্ছেন , দে হ্যাভ টু টেক দে রেসপনসিবিলিটি অন দেওয়ার সোল্ডার। জাতীয় জীবনের এত বড়ো গুরুত্বপূর্ণ বিষয়কে ডিজাইন করে আদালতের সাবজেক্ট ম্যাটার বানিয়ে পার্লামেন্টকে পাশ কাটানোর যে কৌশল , এটি অতীতেও ভালো কোনো কৌশল হি সেবে প্রমাণিত হয়নি।" (জাগো নিউজ ওয়েব পেজ:০৩.০৩.২০২৬ রিহাব)

# BBC

**AT LEAST 300 IRANIAN CITIZENS HEAD TO PAKISTAN AS US-ISRAELI ATTACKS CONTINUE**

Pakistan says at least 300 Iranian citizens have reached the country, as Israeli and US attacks continue throughout Iran. Its province of Balochistan borders Iran and was already a turbulent region. It's home to separatist groups and has seen a decades-long insurgency. Pakistan's leaders are balancing competing relationships right now. Pakistan nominated President Trump for a Nobel Peace Prize last year, as its rapport with the US grew. But despite being a Sunni-majority country, there are Shia communities across Pakistan, who strongly oppose the war in Iran. (BBC News Web Page: 03/03/26, FARUK)

**US EMBASSY IN SAUDI ARABIA WARNS OF IMMINENT ATTACK AT OIL CENTRE**

The US embassy in Saudi Arabia is warning of imminent missile and drone attacks over Dhahran, where a US consulate is located. US citizens are urged to shelter in place and "review security plans in the event of an attack". Dhahran, on Saudi's east coast, is a major centre of the oil industry - and is home to the headquarters of the Saudi national oil firm Aramco. (BBC News Web Page: 03/03/26, FARUK)

**BAHRAIN SAYS IT HAS INTERCEPTED 73 IRANIAN MISSILES**

Bahrain's military has also issued a statement, saying it has intercepted 73 missiles and 91 drones launched from Iran since Saturday. A number of Iranian strikes have hit Bahrain, including at a US navy base in the country. (BBC News Web Page: 03/03/26, FARUK)

**COMMERCIAL FLIGHT DEPARTS BEIRUT AS SMOKE RISES OVER CITY**

A commercial plane has been seen leaving Beirut airport in Lebanon, as smoke from the city rises into the sky. Beirut, and parts of southern Lebanon, have been hit by Israeli strikes - in response, Israel says, to attacks from the Lebanon-based militant group, Hezbollah. Thousands of flights in the Middle East have been cancelled since the beginning of the conflict on Saturday, with airspace closed above many countries in the area.

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**UAE SAYS IT HAS INTERCEPTED 172 IRANIAN MISSILES AND 755 DRONES SINCE SATURDAY**

The UAE's Ministry of Defence says its air defences have destroyed 172 missiles since Iran launched its strikes in the region, in response to US-Israeli strikes on Tehran. A spokesperson for the ministry says there have been 186 missiles in total, with 13 of them falling into the sea and one other hitting the UAE's territory. The ministry detected a further 812 Iranian drones, the spokesperson adds, saying that the UAE managed to intercept 755 of them. Fifty-seven fell on the country. The UAE also detected and destroyed eight cruise missiles "which caused some collateral damage, as well as resulting in three fatalities and 68 cases of minor injuries," as well as damage to "civilian facilities".

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**RED CRESCENT SAYS IRANIAN DEATH TOLL UP TO 787**

Some 787 people have been killed in Iran since the US and Israel launched strikes at the country on Saturday, Iran's Red Crescent Society says. Meanwhile, the US-based Human Rights Activists in Iran (HRANA) reports that 742 civilians have died, including 176 children. Fatemeh Mohammadbeigi, a member of the Iranian Parliament Health Commission, said on Monday that nine hospitals were targeted in Iran, accusing Israel and the US of targeting them. The IDF has responded to allegations of targeting Gandhi Hospital in Tehran, saying the attack "was not targeted at the hospital". The Iran Foreign Ministry on Tuesday has accused both Israel and the US of targeting the same hospital.

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**ISRAELI MILITARY SAYS IT HAS HIT IRAN'S PRESIDENTIAL OFFICE**

The Israeli military, which says its air force has struck the Iranian regime's leadership compound. In a statement o Telegram, the IDF says "numerous munitions" were dropped on the Presidential Office and the Supreme National Security Council. It adds that a military training institution and "additional key regime infrastructure" were also hit. Iran's former Supreme Leader Ayatollah Ali Khamenei used the compound, the IDF says. Khamenei was killed at his own compound over the weekend in US-Israeli strikes.

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**GAS AND OIL PRICES SOAR AND SHARES TUMBLE AS CRUCIAL SHIPPING LANE THREATENED**

Gas prices rose at the fastest pace for more than three years and stock markets tumbled after an Iranian official said his country would "set fire to anyone who tries to pass through" the key Strait of Hormuz shipping route. As the conflict between Iran and the US and israel continued, gas prices surged by more than 30% following sharp gains on Monday while oil climbed by more than 5% to $82 a barrel. In the UK, the FTSE 100 index fell by 2.6% while stocks markets in France and Germany tumbled. Investors are weighing the impact of the conflict on the financial markets and what it could mean for inflation and whether central banks will cut interest rates. (BBC News Web Page: 03/03/26, FARUK)

**SIX US SOLDIERS KILLED IN IRANIAN STRIKE ON KUWAIT BASE**

Six American soldiers were killed in an Iranian strike against a military facility in Kuwait on Sunday, the US has confirmed. US Central Command originally said three soldiers died in the incident but officials confirmed on Monday that the death toll had doubled, after one person succumbed to their injuries and two more bodies were found in the rubble. Defence Secretary Pete Hegseth confirmed a US bunker in Kuwait was hit after a missile was launched during Iran's original retaliation evaded air defences. The six deaths are the only fatalities confirmed by the US military since it launched a new war against Iran with Israel.

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**US SANCTIONS RWANDA'S MILITARY AND TOP COMMANDERS OVER FIGHTING IN DR CONGO**

The US has imposed sanctions on the Rwandan army and four of its senior commanders, accusing them of fueling the conflict in neighbouring Democratic Republic of the Congo. Fighting has persisted despite a US-brokered peace deal in December between the Congolese and Rwandan governments aimed at ending the long-running conflict in eastern DR Congo. The US treasury department accused the Rwandan army of undermining the peace deal by training, equipping and fighting alongside the M23 rebel group. Rwanda swiftly rejected the accusations, saying the sanctions had unfairly targeted one side and "misrepresent the reality and distort the facts of the conflict".

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**AT LEAST 169 PEOPLE KILLED IN SOUTH SUDAN 'SURPRISE' ATTACK**

The authorities in South Sudan have said at least 169 people, including senior officials, were killed on Sunday when a group of unidentified men launched an assault on an area in the north of the country. Describing the attack as carried out by dozens of armed youth, Ruweng Administrative Area's Information Minister James Monyluak Mijok alleged that they came from neighbouring Unity state and were linked to the Sudan People's Liberation Army in Opposition (SPLA-IO). The SPLA-IO has denied any involvement in the attack, accusing the Unity state authorities of politicizing the violence. The UN has repeatedly warned that the country is at risk of sliding back into full-scale civil war.

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**GAZA CROSSING REOPENS FOR FIRST TIME SINCE US-ISRAELI ATTACK ON IRAN**

Israel says it has reopened its main crossing point with the Gaza Strip - a crucial route for humanitarian aid to enter the war-torn territory - for the first time since it carried out air strikes on Iran. The UN and aid agencies had warned that the closure of crossings meant Gaza was rapidly running out of stocks of food and fuel. Panic buying sent prices soaring on local markets. The Israeli defence body Cogat, which controls the crossings, said that the closure of Kerem Shalom was due to "the missile threat" endangering both Israeli and Palestinian workers. It previously insisted that existing supplies would "suffice for a while".

(BBC News Web Page: 03/03/26, FARUK)

**:: THE END ::**